epaper1234.blogspot.com

(দাম : ৪ টাকা)

# কর্মসংস্থান

www.karmosangsthan.com

Vol. 31 ■ Issue No. 44 ■ 10th November 2018 ■ Saturday ■ R.N.I. 44167/88

HALDAR ACADEMY সোনারপুর কোলকাতা-১৫০
ISO Certified Institute
ভর্তি চলিতেছে SESSION - 2018-20
B.Ed D.El.Ed M.Ed Ph.D B.Pharm
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক BA, MA, B.Sc, M.Com, LLB, D.Pharm
For Admission & Franchisee Call : 9007700707, 8334923405, 7890017038

# ডব্লু.বি.সি.এস পরীক্ষার দরখাস্ত নেওয়া শুরু

গ্র্যাজুয়েট ছেলেমেয়ের জন্য

'পশ্চিমবঙ্গ সরকার বিভিন্ন ব্লকের 'ব্লক ডেভেলপমেন্ট অফিসার', 'কমার্শিয়াল ট্যাক্স অফিসার', 'অ্যাগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স অফিসার', 'এক্সাইজ অফিসার', 'কো-অপারেটিভ সোসাইটির অ্যাসিস্ট্যান্ট রেজিস্ট্রার', 'লেবার অফিসার', 'ফুড অ্যান্ড সাপ্লাই অফিসার', 'এমপ্লয়মেন্ট অফিসার (টেকনিক্যাল বাদে)', 'রেজিস্ট্রেশন অ্যান্ড স্ট্যাম্প রেভিনিউ অফিসার', 'রাজ্য পুলিশের ডি.এস.পি.', 'জয়েন্ট ব্লক ডেভেলপমেন্ট অফিসার', 'ডেপুটি অ্যাসিস্ট্যান্ট ডিরেক্টর অফ কনজিউমার্স অ্যাফেয়ার্স অ্যান্ড ফেয়ার বিজনেস প্র্যাক্টিসেস', 'অ্যাসিস্ট্যান্ট ক্যানাল রেভিনিউ অফিসার (ইরিগেশন)', 'জুনিয়র সোশ্যাল ওয়েলফেয়ার অফিসার', 'সাব-অর্ডিনেট ল্যান্ড রেভেনিউ অফিসার', 'অ্যাসিস্ট্যান্ট কমার্শিয়াল ট্যাক্স

এরপর ৮ পাতায়

আপনি কি WBCS 2019 পরীক্ষায় বসছেন? তাহলে সংগ্রহ করুন তুলসী-র WBCS বইগুলি
• তুলসীর জেনারেল স্টাডিজ ₹1100
• তুলসীর প্রিলি গাইড ₹1050
• তুলসীর প্রিলি প্র্যাকটিস সেট ₹450
• বিষয়ভিত্তিক বই (সংবিধান, অর্থনীতি, ইতিহাস, ভূগোল, সাধারণ বিজ্ঞান, পাটীগণিত, English)
তুলসী পাবলিশিং

# ভারত পেট্রোলিয়মে ১২২ ওয়ার্কম্যান

ডিপ্লোমা ইঞ্জিনিয়ার ছেলেদের

ভারত পেট্রোলিয়াম কর্পোরেশন লিমিটেডের কোচি রিফাইনারি 'জেনারেল ওয়ার্কম্যান-B (ট্রেনি)' পদে ১২২ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

জেনারেল ওয়ার্কম্যান - B (ট্রেনি)-কেমিক্যাল : কেমিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের প্রথম শ্রেণির ডিপ্লোমা কোর্স পাশরা মোট অন্তত ৬০% (তপশিলী, বধির প্রতিবন্ধী ও অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী হলে ৫০% ) নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। রিফাইনারি, পেট্রোলিয়াম, পাওয়ার, কেমিক্যাল, লিউব, পেট্রোকেমিক্যাল, ফার্টিলাইজার শিল্পে ১ বছরের পোস্ট কোয়ালিফিকেশন অভিজ্ঞতা বা, রিফাইনারি, পেট্রোলিয়াম, পাওয়ার, কেমিক্যাল, লিউব, পেট্রোকেমিক্যাল / ফার্টিলাইজার

এরপর ৭ পাতায়

# ৩ সেনাবাহিনীতে ৪১৭ অফিসার

ভারতীয় স্থলবাহিনী, নৌবাহিনী ও বিমানবাহিনী ৯ মাস থেকে ২ বছর ১১ মাস ট্রেনিং দিয়ে অফিসার পদে কয়েকশো লোক নিচ্ছে। নেওয়া হবে এইসব বিভাগে : ইন্ডিয়ান মিলিটারি অ্যাকাডেমি, অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমি, ন্যাভাল অ্যাকাডেমি ও এয়ারফোর্স অ্যাকাডেমিতে। কারা কোন বিভাগের জন্য যোগ্য :

**ইন্ডিয়ান মিলিটারি অ্যাকাডেমি :** যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেরা লম্বায় অন্তত ১৫৭.৫ সেমি হলে আবেদন করতে পারেন। জন্ম-তারিখ হতে হবে ২-১-১৯৯৬ থেকে ১-১-২০০১'এর মধ্যে। মোট ১৮ মাসের ট্রেনিং হবে 'জেন্টলম্যান ক্যাডেট'এ। ট্রেনিংয়ের সময় প্রার্থীকে দিতে হবে মোট ৩,৭৫০ টাকা। কোনো প্রার্থী দিতে অক্ষম হলে, তখন সরকারই ওই খরচ বহন করবে। ট্রেনিংয়ে সফল হলে লেফটেন্যান্ট পদে চাকরি। এরপর ধাপে-ধাপে 'কম্যান্ডার' পদ পর্যন্ত পদোন্নতি হবে। ১৪৮তম কোর্সে ট্রেনিং শুরু ২০২০ সালের জানুয়ারিতে। শূন্যপদ : ১০০টি।

**অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমি (মেন ও এস.এস.সি. উইমেন নন-টেকনিক্যাল) :** যে কোনো শাখার ডিগ্রি কোর্স পাশ ছেলেরা 'অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমি (ফর মেন)'এ আবেদন করতে পারেন। যে কোনো শাখার ডিগ্রি কোর্স পাশ

এরপর ৮ পাতায়

# কোস্ট গার্ডে অফিসার

কেন্দ্রীয় সরকারের ভারতীয় উপকূলরক্ষীবাহিনী (ইন্ডিয়ান কোস্ট গার্ড), গ্রুপ 'এ' গেজেটেড অফিসার পদ মর্যাদার 'অ্যাসিস্ট্যান্ট কম্যান্ড্যান্ট' পদে কয়েকশো ছেলেমেয়ে নিচ্ছে।

এরপর ৫ পাতায়

# রাজ্য বিদ্যুৎ সংস্থায় ৮১ এক্সিকিউটিভ

পশ্চিমবঙ্গ সরকারের অধীন সংস্থা পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ সম্প্রসারণ কোম্পানি লিমিটেড অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (এইচ.আর.অ্যান্ড এ.), অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (এফ অ্যান্ড এ), জুনিয়র এক্সিকিউটিভ (ফিনান্স) পদে ৮১ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য:

এরপর ৪ পাতায়

# ৫৮ অ্যাপ্রেন্টিস

ইন্টিগ্রেটেড টেস্ট রেঞ্জ গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস ও টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস হিসাবে ৫৮ জন লোক নিচ্ছে। কারা কোন ট্রেডের জন্য যোগ্য : কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, আই.টি.,

এরপর ৪ পাতায়

মসলন্দপুর বিবেকানন্দ আশ্রমিক কোচিং সেন্টার
An ISO 9001 : 2015 Certified. Govt. Regn. No [MAS-1/471. L-76204]
Masiandapur, North 24 Parganas, Website : www.mvacc.org.in
মসলন্দপুর বিবেকানন্দ আশ্রমিক কোচিং সেন্টারের পক্ষ থেকে সকল পরীক্ষার্থী ভাই-বোনেদের ও তাদের অভিভাবকদের জানাই শুভ দীপাবলির প্রীতি, শুভেচ্ছা ও অভিনন্দন।
শংকর দার কোচিং
জীবন যুদ্ধে থাকবো পাশে
WBCS
এছাড়া ভর্তি চলছে
SSC
RPF Constable & SI
WBP Constable & WBP SI (Main)
FOOD. SI, Railway Group-D
Railway ALP (Main)
Airforce X & Y Group NAVY
সেনাবাহিনীর কলকাতা ও শিলিগুড়ি র‍্যালির GD, Clerk, Tech, Nursing, TDN, Havildar Education এর ক্লাস শুরু হয়ে গেছে। এখনও ভর্তি চলছে। ব্যারাকপুর র‍্যালির ক্লাস শুরু 20শে নভেম্বর 2018। ইংরেজি ও হিন্দি উভয় ভাষায় ক্লাস করার সুবিধা পাবেন।
দূরবর্তী ছাত্রছাত্রীদের স্বল্প খরচে থাকার পর্যাপ্ত ব্যবস্থা হেড অফিসে করা হয়েছে। সঠিকভাবে প্রস্তুতির মাধ্যমে নিজের ভবিষ্যৎ গড়তে আজই আসুন। অতি স্বত্বর যোগাযোগ করুন।
বিঃদ্রঃ- সমস্ত পরীক্ষার্থীদের Physical Practice এর ব্যবস্থা আছে। Physical Practice এর জন্য যোগাযোগ করুন এই নম্বরে- 9332394157 (ফোন করার সময় - দুপুর 12টা থেকে 3টে ও সন্ধ্যা 6টা থেকে রাত 9:30টা পর্যন্ত)
RPF, Rail Group-D, SSC ... Online Mocktest ...
হেড অফিস : মছলন্দপুর, উত্তর ২৪ পরগনা
শিয়ালদহ থেকে বনগাঁ লোকালে মছলন্দপুর স্টেশন সংলগ্ন জাগরণী সংঘ ক্লাবের সন্নিকটে।
ADMISSION HELPLINE : 9733894444, 9547004388, 7432955888
বাঁকুড়া : কাটজুড়িডাঙা, বাঁকুড়া (বাসস্ট্যান্ডের সন্নিকটে সরস্বতী ক্লাবের দোতলায়)
ADMISSION HELPLINE : 8001693133
ADMISSION HELPLINE : 8001777003
করিমপুর, নদিয়া, বাস স্ট্যান্ডের সন্নিকটে হসেরাজ [জয় মা কালী হোটেলের পাশে]
ADMISSION HELPLINE : 8436682294, 9735671012

১৩২ পাতার দাম ২৫ টাকা
কর্মসংস্থান গোষ্ঠীর সাফল্য
নভেম্বর সংখ্যা বেরিয়েছে
খাদ্য দফতরে সাব-ইন্সপেক্টর পদের পরীক্ষার ৩ সেট সম্ভাব্য প্রশ্নোত্তর
ডাকবিভাগে মাল্টি টাস্কিং স্টাফ পদের পরীক্ষার ৩ সেট সম্ভাব্য প্রশ্নোত্তর
রেলের গ্রুপ 'ডি' স্পেশাল পদের পরীক্ষার ২ সেট সম্ভাব্য প্রশ্নোত্তর
৮ কেন্দ্রীয় বাহিনীর কনস্টেবল পদের পরীক্ষার ২ সেট সম্ভাব্য প্রশ্নোত্তর
IBPS ক্লার্ক পদের পরীক্ষার ১ সেট সম্ভাব্য প্রশ্নোত্তর
UPSC ইঞ্জিনিয়ারিং সার্ভিসেস পরীক্ষার ১ সেট সম্ভাব্য প্রশ্নোত্তর
সাম্প্রতিক সব পরীক্ষার নয়া প্রশ্নোত্তরের হদিশ
ফোন : ৯৮৩০৬২৪১৭০

# ৪০০ টেকনিক্যাল অফিসার

ইলেক্ট্রনিক্স কর্পোরেশন অফ ইন্ডিয়া লিমিটেড 'জুনিয়র টেকনিক্যাল অফিসার' ও 'জুনিয়র কনসালট্যান্ট -ফিল্ড অপারেশন (গ্রেড-।।)' পদে ৪০০ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, মেকানিক্যাল, ইলেক্ট্রনিক্স, ইন্সট্রুমেন্টেশন, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইনফর্মেশন টেকনোলজির প্রথম শ্রেণির ডিগ্রি কোর্স পাশরা মোট অন্তত ৬০% (তপশিলী হলে ৫০%) নম্বর পেয়ে থাকলে 'জুনিয়র টেকনিক্যাল অফিসার' পদের জন্য যোগ্য। অন্তত ৬ মাসের পোস্ট কোয়ালিফিকেশন ইন্ডাস্ট্রিয়াল অভিজ্ঞতা থাকলে ভালো হয়। বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। পারিশ্রমিক মাসে ১৯,১৮৮ টাকা। শূন্যপদ : ২১০টি।

এরপর ৪ পাতায়

বিনা খরচে ইঞ্জিনিয়ারিং কোর্স পড়ে আর্মিতে চাকরি ভেতরের পাতায়

# ডাক্তারি ও দাঁতের ডাক্তারির ডিগ্রি কোর্স

উচ্চমাধ্যমিক ছেলেমেয়ের জন্য

পশ্চিমবঙ্গ-সহ সারা ভারতের সরকারি ও বেসরকারি ডাক্তারি কলেজে 'ডাক্তারির ডিগ্রি (এম.বি.বি.এস.)' ও 'দাঁতের ডাক্তারির ডিগ্রি (বি.ডি.এস.)' কোর্সে ভরতির 'ন্যাশনাল এলিজিবিলিটি কাম এন্ট্রান্স টেস্ট (ইউ.জি.) (NEET) পরীক্ষার দরখাস্ত নেওয়া শুরু

এরপর ২ পাতায়

# রাজ্য সরকারে ৩৫ বিচারক

পশ্চিমবঙ্গের বিভিন্ন আদালতে কাজের জন্য পশ্চিমবঙ্গ লিগ্যাল সার্ভিস পরীক্ষার মাধ্যমে ৩৫ জন ছেলেমেয়ে নেওয়া হচ্ছে। আইনের ডিগ্রি কোর্স পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১-১-২০১৮'র হিসাবে ২৩ থেকে ৩৬

এরপর ৮ পাতায়

# আর্মিতে অফিসার

ভারতীয় স্থলবাহিনী শর্ট সার্ভিস কমিশনে 'টেকনিক্যাল গ্র্যাজুয়েট কোর্সে (TGC-129)' অফিসার পদে ৪০ জন অবিবাহিত ছেলে নিচ্ছে। কারা কোন শাখার জন্য যোগ্য :

সিভিল, সিভিল ইঞ্জিনিয়ারিং (স্ট্রাকচারাল), স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স

এরপর ২ পাতায়

epaper1234.blogspot.com



**কর্মসংস্থান**
সাপ্তাহিক পত্রিকা
প্রধান কার্যালয়
১২/৩/৪ জামির লেন,
কলকাতা - ৭০০ ০১৯
বালিগঞ্জ বাস টার্মিনাসে
গড়িয়াহাট ম্যালের মুখোমুখি
হেল্প লাইন
✆ : (০৩৩) ২৪৬০ ৬২১১/
৬২১২/৮২৩৪
ফ্যাক্স নং : ২৪৬০ ৮২৩৩
নয়াদিল্লি কার্যালয়
রুম নং - ১০২ অ্যানেক্স,
আই.এন.এস বিল্ডিং, রফি মার্গ
নয়াদিল্লি-১১০ ০০১
ফোন : ০৯৮১৮৬৭৫২৮৩

## স্কুল-কলেজ-শিক্ষা

English for UPSC, WBCS, CGL, ব্যাঙ্ক 450/-, শিয়ালদহ, বারাসাত, রানাঘাট। S.L-M : 8617729513.
SH

WBCS 19 : প্রথম / অসফল পরীক্ষার্থীদের জন্য বিশেষ উপযোগী মাস্টারক্লাস পোস্টাল কোর্সে ভর্তি চলছে। বিশেষজ্ঞের পরামর্শ-Mobile : 9674121657
SH

## কর্মখালি

**ফোন করুন সঠিক চাকরি পান। নো ডোনেশন**
পঃ বঙ্গের সর্বত্র প্রচুর ছেলে প্রয়োজন। যোগ্যতা ৮ম পাশ থেকে স্নাতক। আকর্ষনীয় বেতন (11500 – 30600)। থাকা ও খাওয়া-সহ সমস্ত সুবিধা বর্তমান। নিজের জেলায় পোস্টিং। নিজস্ব নথিপত্র-সহ যোগাযোগ করুন। - AJS - (M) 8509982928.
SA (A)

**আর্জেন্ট ভ্যাকান্সি গভঃ স্বীকৃত, Airport, মেট্রোতে ও Pvt. ব্যাঙ্কে জব RL No. - 2684**
সম্পূর্ণ বিনা ডোনেশনে Airport, মেট্রো কন্ট্রাক্টারের অধীনে ও Pvt. ব্যাঙ্ক DSA তে M/F নিয়োগ চলছে। যোগ্যতা ৮ম - স্নাতক। বেতন 16200/- – 49300/-. বয়স 18 – 45. C.P - 8370955142.
SA (A)

**জাহাজে চাকরি BLUE CRYSTAL MARINE Govt Regd L/C No- 224212**
গভঃ স্বীকৃত অফিস। একমাত্র চাকরির সেরা ঠিকানা। দেশের বিভিন্ন স্থানে জাহাজে ও বন্দরে অঞ্চলে কাজের নিয়োগ চলছে। যোগ্যতা- (৮ম- স্নাতক), বয়স (17 –42)। বেতন- (17,400– 53,300)। বেতনের সাথে PF, ESI,OT, থাকা, খাওয়া, বোনাস, প্রমোশন, কোয়ার্টার ফ্রী, 5 মাসে 1 মাস ছুটি WITH SALARY. নিজের পছন্দ মতো জায়গায় কাজ নিতে অতি শীঘ্রই যোগাযোগ করুন পরিচয়পত্র ও যোগ্যতার কাগজপত্র-সহ। ফর্ম - 101 টাকা। দেবজিৎ ঘোষ- 9564998882.
SA (A)

**দরখাস্ত পাঠানোর আগে ফর্ম-সহ যাবতীয় প্রমাণপত্রের এক কপি জেরক্স নিজের কাছে রেখে দেবেন।**

## স্কুল-কলেজ-শিক্ষা

**Math, G.I, GK বেলঘরিয়া** CGL, রেল (Gr.D/SM), Food, ব্যাঙ্ক (ক্লার্ক/PO). WBCS, PSC. 600PM. চন্দ্র স্যার-9903500682
R

**Tarun Da, Barasat** MATH, GI & G.K of All Competitive Exam & WBCS. Mob : 9830989770.
SH

**নার্সিং ও ফার্মাসিস্ট** B.Ed, D.El.Ed, M.Ed-Last Chance, BA, B.Sc, MA, M.Sc হয়। (SRU) M : 8420657379.
D

**GEN COMB মাসে (400)** MATH, ENG মাসে (300), চ্যাপ্টার ধরে করানো হয়। নৈহাটী, মগরা (হুগলি) 8335922262.
SH

**Vision Institute**
**B.Ed & M.Ed.**
**Ph.D, LLB, Pharmacy Engg. & Management**
এছাড়া সব বিষয়ে ডিগ্রি ও মাস্টার ডিগ্রি কোর্স (Regular & Distance)
কলকাতা — 7603004971, 7603004973
দুর্গাপুর : 9007829310
শিলিগুড়ি : 8370997985

## কর্মখালি

**জাহাজে চাকরি ELEGANT MARINE Govt. Regd. No. - L/C 431210**
সরাসরি যোগ্যতার ওপর নির্ভর করে জাহাজে চাকরি। যোগ্যতা (৮ম - স্নাতক), বয়স (18-45) বছরের মধ্যে। বেতন - (16000 - 52000) এর মধ্যে। বেতনের সাথে থাকা-খাওয়া খরচ, ইনসুরেন্স সব কিছু কোম্পানীর। এছাড়া OT, ESI, PF, বোনাস, প্রমোশন ও 5 মাসে 1 মাস ছুটি With Salary. দেশের মধ্যে নিজের পছন্দ মতো জায়গায় কাজ পেতে গেলে বায়োডাটা, ছবি ও পরিচয়পত্র-সহ যোগাযোগ করুন। ফর্ম -101 টাকা। কুনাল দাস - Mob : 9564998127.
SA (A)

**চাকরি পেতে চান স্থায়ী কাজ 100%. বেতন : (12500 - 28600)**
শহর থেকে গ্রামের প্রত্যেক কর্মপ্রার্থীদের জন্য বিনা ডোনেশনে চাকরি। যোগ্যতা অষ্টম - স্নাতক। পশ্চিমবঙ্গের প্রত্যেকটি জেলাতে স্থায়ী কাজ। অফিসিয়াল ও অন্যান্য পদে নিয়োগ চলছে। পোস্ট : S/V, অফিস বয়, ক্লার্ক, ইনচার্জ, পিওন, ATM গার্ড, PVT (Bank)-এ প্রচুর লোক প্রয়োজন। PF, ESI, OT, বোনাস, থাকা ও খাওয়া ফ্রী। যোগাযোগের সাথে সাথে কর্মপ্রার্থীকে লিখিতভাবে পোস্টিং এরিয়া জানানো হবে। AG - (M) 8348222418
SA (A)

All disputes regarding sales and advertisement of all publications of Sangsthaan Prakashan Pvt. Ltd. are subject to Kolkata Jurisdiction only.

## স্কুল-কলেজ-শিক্ষা

**নিশ্চিত সাফল্যের জন্য** Dr. Ambedkar REWC নির্ভরযোগ্য প্রতিষ্ঠানের তত্ত্বাবধানে WBCS, Combined, IBPS, SLST ও TET এর কোচিং শুরু হইয়াছে। 12th Nov. 18 Free Demo Class এর জন্য সত্বর নাম নথিভুক্ত করুন। 9903748637 / 54
SH (S)

ইংরাজী ভাষা আজ অপরিহার্য
Free Admission
**SPOKEN English**
Basic English
Advance English
DUMDUM, RAJARHAT, GARIA
8777049063
9836122535

মাসে বিশ হাজার আয়! ফ্রিজ, এ.সি, ওয়াশিং মেশিন, মাইক্রোওভেন, কিচেন চিমনী মাত্র চার মাসে গ্যারান্টি সহ প্র্যাক্টিক্যাল ক্লাসে সারানো শিখুন। S. R. ট্রেনিং সেন্টার। বেলঘরিয়া : 9836783235.
N

## কর্মখালি

**ব্যাঙ্কে চাকরি**
পশ্চিমবঙ্গের সমস্ত জেলায় সম্পূর্ণ বিনা ডোনেশনে ব্যাঙ্কের ভেতরে বসে স্থায়ী জব। যোগ্যতা - ৮ম - স্নাতক। বেতন - ১২৬০০ - ৩৬২০০। PF, ESI, বোনাস ও থাকা-খাওয়ার ব্যবস্থা আছে। Helpline - 8327014511.
SA (A)

**ARISE SHIIPING জাহাজে ও বন্দরে চাকরি Govt. Regd. N- 662416**
সরাসরি যোগ্যতার উপর নির্ভর করে জাহাজ ও বন্দরে চাকরি। যোগ্যতা (৮ম-স্নাতক), বয়স (17–42)। পার্মানেন্ট চাকরি। বেতন- 15,500 – 52,500. Direct Company - র পেরোলে। এখানে বেতনের সাথে খাওয়া-থাকা Company- র খরচ। PF, ESI, OT, বোনাস ও প্রমোশনের সুবিধা আছে। প্রত্যেক 5 মাস Duty করলে 1 মাসের ছুটি WITH SALARY. দেশের মধ্যে নিজের পছন্দ মতো জায়গায় কাজ পেতে শীঘ্রই BIO DATA পরিচয়পত্র ও যোগ্যতার কাগজপত্র -সহ যোগাযোগ। ফর্ম 101 টাকা। বিশাল রায়। M : 9564998098
SA (A)

প্রতি শনিবারের
**কর্মসংস্থান**
এখন প্রতি বুধবার বেরোয়
বিজ্ঞাপন দিতে হবে ১ সপ্তাহ আগে শনিবারের মধ্যে বিজ্ঞাপন জমা না দিতে পারলে, ওই বিজ্ঞাপন বেরোনোর নিশ্চয়তা বিষয়ে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।
আগামী ১৭ নভেম্বর সংখ্যায় বিজ্ঞাপন বের করতে হলে, বিজ্ঞাপন জমা দিতে হবে ১০ নভেম্বর, বিকেল ৫টার মধ্যে।
একমাত্র পত্রিকা দফতরে।
প্রতি রবিবার অফিস বন্ধ।

## স্কুল-কলেজ-শিক্ষা

Math & Eco. SSC CGL Tier 1 & 2, Bank, Rail, WBCS etc. Centre: Belgharia and Konnagar. M : 9903873759
SH (S)

**JAY ACADEMY**
বিশ্বাস, ভরসা ও সাফল্য শিখরে
Last Golden Opportunity
B.Ed. 2018-20 (B.U)
D.El.Ed. 2017-19 & 2018-20 (WBBPE)
BA, MA, B.Sc., M.Sc. B.Com., M.Com. etc.
সোনারপুর বাজার, ফোন- 150
9073255047, 9073439421

**Math, GI, GK, হাবড়া** সমস্ত চাকরির পরীক্ষার জন্য Chapterwise ক্লাস, মাসে 500/-. P. Mondal - 8293255605.
SH

**ভর্তি চলিতেছে ঃ** Nursing, Montessori, NIOS, NSOU, B.Ed, D.El.Ed, ITI, MBBS, MBA, MCA, Law & Diploma Mob-9836840500
R

## কর্মখালি

**শীঘ্রই যোগাযোগ করুন www.gcagroup.co.in**
WB-এর প্রতিটি জেলায় BANK (DSA), শপিংমল, ATM, টাওয়ার ও MNC - তে বিভিন্ন পদে ESI ও PF - সহ স্থায়ী কাজ। বেতন : (12K - 32K). 8768762505, 7718637129
SA (A)

**আর্জেন্ট ভ্যাকান্সি এয়ারপোর্ট. মেট্রো ও Pvt. ব্যাঙ্কে স্থায়ী জব RL No.-2831**
পঃ বঙ্গের বিভিন্ন জেলায় বিনা ডোনেশনে Airport মেট্রো কন্ট্রাক্টারের অধীনে ও Pvt. ব্যাঙ্ক DSA-তে M/F নিয়োগ চলছে। যোগ্যতা ৮ম - স্নাতক। বেতন 14600/- – 48300. বয়স 18 – 45. C.P – 7718591871.
SA (A)

**দোহাই, আর ঠকবেন না**
বেকার ছেলেমেয়েরা যাতে না ঠকেন, সেজন্য ট্রেড লাইসেন্স-সহ যাবতীয় তথ্যাদি দেখে নিশ্চিন্ত হয়েই বিজ্ঞাপন নেওয়া হয়। তবু কিছু সংস্থা ড্রেস ও এখনই চাকরি দেওয়ার লোভ দেখিয়ে হাজার-হাজার টাকা নেওয়ার চেষ্টা করছেন বলে অভিযোগ আসছে। লোভে পড়ে টাকা দেবেন না। আর তা সত্ত্বেও টাকা দিলে নিজ দায়িত্বেই দেবেন। তার জন্য আমরা দায়ী নই। বেশি টাকার চাহিদা শুনলেই সংস্থাটি ও ব্যক্তির নাম-ঠিকানা জানিয়ে লিখিত অভিযোগ স্থানীয় থানায় জানাবেন। এছাড়া পাঠাবেন এই ঠিকানায় : সি.আই.ডি. বিভাগ, ভবানী ভবন, আলিপুর, কলকাতা-২৭। কলকাতার সংস্থা হলে এই ঠিকানায় : ডি.সি., ডি.ডি. - ১, লালবাজার, ১৮, লালবাজার স্ট্রিট, কলকাতা-১। নিজ দায়িত্বে টাকা দেওয়ার পর আর ফোনে অভিযোগ জানাবেন না। যাবতীয় যোগাযোগ করতে পারেন টাকা দেওয়ার আগে।
— সম্পাদক, **কর্মসংস্থান**।

# ডাক্তারি ও দাঁতের ডাক্তারির

১ পাতার পর

হয়েছে। এবার এই পরীক্ষা নেবে 'ন্যাশনাল টেস্টিং এজেন্সি'। কারা কোন বিষয়ে আবেদন করতে পারবেন :

ফিজিক্স, কেমিস্ট্রি, বায়োলজি/ বায়োটেকনোলজি ও ইংরিজি বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা ফিজিক্স, কেমিস্ট্রি ও বায়োলজি বায়োটেকনোলজি বিষয় মিলিয়ে মোট অন্তত ৫০% (তপশিলী, ও.বি.সি. হলে ৪০%, প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে আর ইংরিজিতে অন্তত পাশ নম্বর পেয়ে থাকলে এই কোর্সে ভর্তির জন্য আবেদন করতে পারেন। ২০১৯ সালে যাঁরা ওইসব বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পরীক্ষা দেবেন, তাঁরাও আবেদনের যোগ্য।

বয়স হতে হবে ৩১-১২-২০১৯'র হিসাবে ১৭ থেকে ২৫ বছরের মধ্যে, অর্থাৎ, জন্ম-তারিখ হতে হবে ৭-৫-১৯৯৪ থেকে ১-১-২০০৩'র মধ্যে।

তপশিলী, ও.বি.সি.'রা ৫ বছর বয়সে ছাড় পাবেন অর্থাৎ, জন্ম-তারিখ হতে হবে ৭-৫-১৯৮৯ থেকে ১-১-২০০৩'র মধ্যে।

কোন কলেজে কোন-কোন বিষয়ে ডিগ্রি কোর্স পড়ানো হয় ও সীট ক'টি তা বিস্তারিতভাবে ইনফর্মেশন বুকলেট থেকে জানতে পারবেন।

প্রার্থী বাছাই হবে ২০১৯ সালের 'National Eligibility Cum Entrance Test (UG)'র মাধ্যমে। পরীক্ষা নেবে 'ন্যাশনাল টেস্টিং এজেন্সি'। পরীক্ষা হবে ৫ মে বেলা ২টা থেকে ৫টার মধ্যে। ৩ ঘন্টার পরীক্ষায় ১৮০টি অবজেক্টিভ টাইপের প্রশ্ন হবে ফিজিক্স, কেমিস্ট্রি, বায়োলজি (বটানি ও জুলজি) বিষয়ে। ফিজিক্স বিষয়ে ৪৫টি প্রশ্ন হবে ১৮০ নম্বরের, কেমিস্ট্রি বিষয়ে ৪৫টি প্রশ্ন হবে ১৮০ নম্বরের, বায়োলজি বিষয়ে ৯০টি প্রশ্ন হবে ৩৬০ নম্বরের।

প্রশ্ন হবে বাংলা, ইংরিজি, হিন্দি, আসামীজ-সহ ১১টি ভাষায়। পরীক্ষা হবে কলকাতা (কোড ৪৬০৮), শিলিগুড়ি (৪৬০৯), দুর্গাপুর (৪৬০৪), উত্তর ২৪ পরগনা (৪৬০১), আসানসোল (৪৬০২), বর্ধমান (৪৬০৩), হুগলি (৪৬০৫), হাওড়া (৪৬০৬), খড়গপুর (৪৬০৭), ভুবনেশ্বর (৩৬০৪), রৌরকেলা (৩৬০৬), বহরমপুর (৩৬০৩), আঙ্গুল (৩৬০১), বালাসোর (৩৬০২), কটক (৩৬০৫), সম্বলপুর (৩৬০৭), পটনা (১৫০২), গয়া (১৫০১), বোকারো (২৬০১), রাঁচী (২৬০৩), জামশেদপুর (২৬০২), গুয়াহাটি (১৪০২), ডিব্রুগড় (১৪০১), শিলচর (১৪০৩), তেজপুর (১৪০৪), আগরতলা (৪৩০১)। কল লেটার ডাউনলোড করতে পারবেন এপ্রিলের দ্বিতীয় সপ্তাহ থেকে। ফল বেরোবে ৫ জুন।

দরখাস্ত করবেন অনলাইনে, ৩০ নভেম্বরের মধ্যে। এই ওয়েবসাইটে : www.ntaneet.nic.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো (১০ থেকে ১০০ কেবি'র মধ্যে) আর সিগনেচার (৩ থেকে ২০ কেবি'র মধ্যে) স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তখন পরীক্ষা ফী বাবদ ১,৪০০ (তপশিলী, প্রতিবন্ধী হলে ৭৫০) টাকা নেট ব্যাঙ্কিংয়ে, ইউ.পি.আই., ডেবিট কার্ড, ক্রেডিট কার্ডে কিংবা ই-ওয়ালেটে জমা দেবেন ১ ডিসেম্বরের মধ্যে। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

# আর্মিতে অফিসার

১ পাতার পর

পাশরা 'সিভিল' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ১০টি।

মেকানিক্যাল, মেকানিক্যাল (মেকাট্রনিক্স), মেকানিক্যাল ও অটোমেশন ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা 'মেকানিক্যাল' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ৪টি।

ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রিক্যাল (ইলেক্ট্রনিক্স অ্যান্ড পাওয়ার), পাওয়ার সিস্টেম ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা 'ইলেক্ট্রিক্যাল / ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ৫টি।

কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার সায়েন্স, কম্পিউটার সায়েন্স ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, ইনফর্মেশন সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা 'কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং / কম্পিউটার টেকনোলজি / ইনফো টেক /এম.এসসি. (কম্পিউটার সায়েন্স)' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ৬টি।

ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, টেলিকমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইলেক্ট্রিক্যাল কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা 'ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন / টেলিকমিউনিকেশন / ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন /স্যাটেলাইট কমিউনিকেশন' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ৭টি।

মাইক্রো ইলেক্ট্রনিক্স ও মাইক্রোওয়েভের ডিগ্রি কোর্স পাশরা 'মাইক্রো ইলেক্ট্রনিক্স অ্যান্ড মাইক্রোওয়েভ' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ১টি।

আর্কিটেকচার ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা 'আর্কিটেকচার' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ১টি।

মেটালার্জিক্যাল, মেটালার্জি অ্যান্ড মেটেরিয়াল টেকনোলজি, মেটালার্জি অ্যান্ড মেটেরিয়াল ইঞ্জিনিয়ারিং, মেটালার্জি অ্যান্ড ইঞ্জিনিয়ারিং অ্যান্ড মেটিরিয়াল সায়েন্স, মেটালার্জি অ্যান্ড এক্সপ্লোসিভ ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা 'মেটালার্জি' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ২টি।

পাওয়ার ইলেক্ট্রনিক্স অ্যান্ড ড্রাইভসের ডিগ্রি কোর্স পাশরা 'ইলেক্ট্রনিক্স' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ২টি।

অ্যাপ্লায়েড ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল ইঞ্জিনিয়ারিং, ইন্সট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল, ইন্সট্রুমেন্টেশন টেকনোলজির ডিগ্রি কোর্স পাশরা 'ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন /ইন্সট্রুমেন্টেশন' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ২টি।

বয়স হতে হবে ১-৭-২০১৯'র হিসাবে ২০ থেকে ২৭ বছরের মধ্যে অর্থাৎ, জন্ম-তারিখ হতে হবে ২-৭-১৯৯২ থেকে ১-৭-১৯৯৯'এর মধ্যে।

শরীরের মাপজোখ হতে হবে ছেলেদের বেলায় লম্বায় ১৫৭.৫ সেমি আর ওজন হতে হবে উচ্চতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। দৃষ্টিশক্তি দরকার ভালো চোখে ৬/৬ ও খারাপ চোখে ৬/১৮। শুরুতে ৪৯ সপ্তাহের ট্রেনিং শুরু জুলাইয়ে। তখন স্টাইপেন্ড মাসে ৫৬,১০০ টাকা। সফল হলে লেফটেন্যান্ট পদে চাকরি। তখন মাইনে : ৫৬,১০০- ১,৭৭,৫০০ টাকা।

প্রার্থী বাছাই করবে সার্ভিস সিলেকশন বোর্ড। শিক্ষাগত যোগ্যতায় পাওয়া নম্বরের ভিত্তিতে প্রাথমিক বাছাই প্রার্থীদের ইন্টারভিউয়ের 'কল লেটার' পাঠানো হবে। ইন্টারভিউ হবে এলাহাবাদ, ব্যাঙ্গালোর ও ভোপালে। মোট ৫ দিনের এই পরীক্ষায় সাইকোলজি ওরিয়েন্টেড ইন্টেলিজেন্স টেস্ট, গ্রুপ টেস্ট ও ইন্টারভিউ হবে। এরপর ৩-৫ দিনের ডাক্তারি পরীক্ষা। ইন্টারভিউয়ে যাতায়াতের ভাড়া ফেরৎ পাবেন। পরীক্ষা সংক্রান্ত তথ্য ই-মেলে বা, এস.এম.এস.'এ জানানো হবে।

দরখাস্ত করবেন অনলাইনে, ২৮ নভেম্বরের মধ্যে। এই ওয়েবসাইটে : www.joinindianarmy.nic.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। অনলাইনে দরখাস্ত করার পর ২ কপি অ্যাপ্লিকেশন প্রিন্ট করে নেবেন। ইন্টারভিউয়ের সময় তখন যাবতীয় প্রমাণপত্রের মূল ও প্রিন্ট করা অ্যাপ্লিকেশন ফর্ম নিয়ে যাবেন। কোনো দরখাস্ত ডাকে পাঠাতে হবে না। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

epaper1234.blogspot.com



# গ্রামের ছেলেমেয়েদের কাজের দিশা দেখাচ্ছে রামকৃষ্ণ মিশন লোকশিক্ষা পরিষদ

## হাতের কাজের ট্রেনিং



বিউটিশিয়ানের ট্রেনিং চলছে

সৈকত হালদার : চার দশকের বেশি সময় ধরে রামকৃষ্ণ মিশন লোকশিক্ষা পরিষদ বিভিন্ন ধরণের হাতের কাজের ট্রেনিংয়ের মাধ্যমে গ্রামের ছেলেমেয়েদের কর্মসংস্থানের পথ দেখিয়ে চলেছে। লোকশিক্ষা পরিষদের উদ্যোগে এখন রাজ্যের ১২টি জেলায় ৭২টি ব্লকে ২৪৭টি গ্রামে প্রশিক্ষণ কর্মসূচি চলছে। নরেন্দ্রপুর ক্যাম্পাস ছাড়াও ট্রেনিং চলে এইসব জেলায় : দক্ষিণ ২৪ পরগনা, উত্তর ২৪ পরগনা, পূর্ব মেদিনীপুর, পশ্চিম মেদিনীপুর, মুর্শিদাবাদ, বর্ধমান, পুরুলিয়া, বাঁকুড়া, হাওড়া, হুগলি, নদিয়া ও কলকাতা। ট্রেনিংয়ের জন্য সারা বছর দরখাস্ত জমা নেওয়া হয়। ভরতির জন্য ফর্ম ও প্রস্পেক্টাস পাবেন নিচের ঠিকানায়। ইন্টারভিউয়ের মাধ্যমে প্রার্থী বাছাই করা হয়। এক্ষেত্রে দেখা হয় প্রার্থীদের পারিবারিক অবস্থা, শেখার আগ্রহ ও কাজ করার প্রবণতা। সময়ের সঙ্গে সঙ্গে চাহিদা অনুযায়ী ট্রেনিংয়ের রূপরেখা বদল হয়। এই মুহূর্তে ভরতি নেওয়া হচ্ছে এইসব ট্রেডে : (১) মোটর মেকানিজম। যোগ্যতা : মাধ্যমিক। শুধুমাত্র ছেলেদের জন্য। মেয়াদ : ১ বছর। (২) ফিজিওথেরাপি ইকুইপমেন্ট অপারেটর কাম অ্যাসিস্ট্যান্ট। যোগ্যতা : উচ্চমাধ্যমিক। মেয়াদ : ১ বছর। (৩) স্পোকেন ইংলিশ। যোগ্যতা : উচ্চমাধ্যমিক। মেয়াদ : ৬ মাস। (৪) ওয়াটার কালার অ্যান্ড পেইন্টিং ও কমার্শিয়াল আর্ট অ্যান্ড ক্র্যাফট। যোগ্যতা : মাধ্যমিক। মেয়াদ : ৬ মাস। (৫) ফটোগ্রাফি (ডিজিটাল ও অ্যানালগ)। যোগ্যতা : মাধ্যমিক। মেয়াদ : ৪ মাস। (৬) ভিডিওগ্রাফি। যোগ্যতা : মাধ্যমিক। মেয়াদ : ৩ মাস। (৭) মৌমাছি পালন। যোগ্যতা : মাধ্যমিক। মেয়াদ : ১ মাস। (৮) ফুড রিজার্ভেশন ও ফুড প্রসেসিং। যোগ্যতা : মাধ্যমিক। মেয়াদ : ৩ মাস। (৯) বিউটিশিয়ান, তত্ত্ব ও কনে সাজানো। যোগ্যতা : উচ্চমাধ্যমিক। মেয়াদ : ৬ মাস (শুধুমাত্র মেয়েদের জন্য)। (১০) অ্যাডভান্সড বিউটিশিয়ান। যোগ্যতা : বিউটিশিয়ানের বেসিক ট্রেনিং। মেয়াদ : ৬ মাস (শুধুমাত্র মেয়েদের জন্য)। (১১) যোগাসন। যোগ্যতা : মাধ্যমিক। মেয়াদ : ৪ মাস। (১২) গ্যাস ওভেন রিপেয়ারিং ও মেন্টেন্যান্স। যোগ্যতা : মাধ্যমিক। মেয়াদ : ২ মাস। (১৩) রেডিও-টিভি রিপেয়ারিং ও বেসিক ইলেক্ট্রনিক্স (এল.সি.ডি, এল.ই.ডি, টি.এফ.টি)। যোগ্যতা : মাধ্যমিক। মেয়াদ : ৬ মাস। শুধুমাত্র ছেলেদের জন্য। (১৪) মোটর সাইকেল ও অটো রিক্সা রিপেয়ার ও মেন্টেন্যান্স। যোগ্যতা : ক্লাস এইট পাশ। মেয়াদ : ৬ মাস। শুধুমাত্র ছেলেদের জন্য। (১৫) ল্যান্ড লাইন ও মোবাইল রিপেয়ারিং। যোগ্যতা : ক্লাস এইট পাশ। মেয়াদ : ৬ মাস। শুধুমাত্র ছেলেদের জন্য। (১৬) রেফ্রিজারেশন ও এয়ার কন্ডিশনিং। যোগ্যতা : মাধ্যমিক। মেয়াদ : ৬ মাস। শুধুমাত্র ছেলেদের জন্য। (১৭) কম্পিউটার হার্ডওয়্যার ও নেটওয়ার্কিং। যোগ্যতা : উচ্চমাধ্যমিক। মেয়াদ : ১ বছর। (১৮) কম্পিউটার বেসিক। যোগ্যতা : মাধ্যমিক। মেয়াদ : ৬ মাস। (১৯) ডেস্ক টপ পাব্লিশিং (ডি.টি.পি)। যোগ্যতা : মাধ্যমিক। মেয়াদ : ৬ মাস। (২০) বেসিক ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রিক ও সোলার টেকনোলজি। যোগ্যতা : মাধ্যমিক। মেয়াদ : ৩ মাস। শুধুমাত্র ছেলেদের জন্য। (২১) ইলেক্ট্রিক ওয়ারম্যান ও মোটর ওয়াইন্ডিং (আবাসিক)। যোগ্যতা : মাধ্যমিক। মেয়াদ : ১ বছর। শুধুমাত্র ছেলেদের জন্য। (২২) ইলেক্ট্রনিক ওয়ারম্যান (সান্ধ্যকালীন)। যোগ্যতা : ক্লাস এইট পাশ। মেয়াদ : ৬ মাস। শুধুমাত্র ছেলেদের জন্য। প্রতিটি ট্রেডের ক্ষেত্রে বয়স হতে হবে ১৮ থেকে ৩৫ বছরের মধ্যে। এছাড়াও অল্পশিক্ষিত ছেলেমেয়েদের জন্য এখানকার ট্রেনিং কাম প্রোডাকশন ইউনিটে এই ৯টি হাতের কাজের ট্রেনিং দেওয়া হয় : (১) কাটিং, টেলারিং ও ড্রেস ডিজাইনিং। যোগ্যতা : মাধ্যমিক। মেয়াদ : ৬ মাস। শুধুমাত্র মেয়েদের জন্য। (২) অ্যাডভান্সড কাটিং, টেলারিং ও ড্রেস ডিজাইনিং। যোগ্যতা : বেসিক টেলারিং। মেয়াদ : ৬ মাস। শুধুমাত্র মেয়েদের জন্য। (৩) চানাচুর, ভুজিয়া ও পাঁপড় তৈরি। যোগ্যতা : ক্লাস এইট পাশ। মেয়াদ : ৬ মাস। (৪) মোমবাতি ও ডেকরেটিভ ক্যান্ডেল। যোগ্যতা : ক্লাস এইট পাশ। মেয়াদ : ২ মাস। (৫) বাটিক প্রিন্ট ও ফেব্রিক প্রিন্টিং। যোগ্যতা : ক্লাস এইট পাশ। মেয়াদ : ৬ মাস। শুধুমাত্র মেয়েদের জন্য। (৬) ধূপ তৈরি। যোগ্যতা : ক্লাস সিক্স পাশ। মেয়াদ : ৪ মাস। (৭) ব্যাগ তৈরি ও জুট ক্র্যাফট। যোগ্যতা : ক্লাস এইট পাশ। মেয়াদ : ৬ মাস। (৮) কার্পেন্ট্রি ও ফার্নিচার তৈরি। যোগ্যতা : ক্লাস এইট পাশ। মেয়াদ : ৬ মাস। শুধুমাত্র ছেলেদের জন্য। (৯) রুম ফ্রেশনার, রুম ক্লিনার, পারফিউম ও ফিনাইল তৈরি। যোগ্যতা : ক্লাস এইট পাশ। মেয়াদ : ২ মাস।

ভরতির জন্য যোগাযোগ করতে হবে এই ঠিকানায় : প্রকল্প সংযোজক, কারিগরি শিক্ষা বিভাগ, রামকৃষ্ণ মিশন লোকশিক্ষা পরিষদ, নরেন্দ্রপুর, কলকাতা - ৭০০১০৩। ফোন : (০৩৩) ২৪৭৭২২০৭।

### ট্রেনিং নিলে কাজের জন্য বসে থাকতে হয় না



স্বামী সর্বলোকানন্দজী মহারাজ
পরিচালক

রামকৃষ্ণ মিশন লোকশিক্ষা পরিষদ আজ থেকে প্রায় ১০০ বছর আগে স্বামী বিবেকানন্দ দেশের উন্নতির জন্য গ্রামের ছেলেমেয়েদের বৃত্তিমূলক প্রশিক্ষণের কথা ভেবেছিলেন। আমাদের আনন্দ হচ্ছে সেই ভাবনা এখন কেন্দ্রীয় সরকারের স্কিল ডেভেলপমেন্ট প্রোগ্রামের মাধ্যমে বাস্তবায়িত হচ্ছে। আমাদের এখান থেকে ট্রেনিং নিয়ে ৬০ শতাংশ ছেলেমেয়ে ছোটখাটো উদ্যোগ তৈরি করে নিজের পায়ে দাঁড়িয়েছে। বাকি ৪০ শতাংশ ছেলেমেয়ে কোনো না কোনো চাকরিতে যুক্ত হয়েছে। সফল ছেলেমেয়েরা ব্যবসা করতে চাইলে তাদের ব্যাঙ্ক থেকে ঋণ পাওয়ার ব্যাপারে সাহায্য করা হয় ও সেইসঙ্গে দেওয়া হয় কারিগরি পরামর্শ।

# প্রশ্ন

## মা সারদা স্বনির্ভর কেন্দ্রে নিখরচায় কারিগরি কোর্স

নিজস্ব প্রতিনিধি : মা সারদা স্বনির্ভর কেন্দ্র পশ্চিমবঙ্গ সোসাইটি ফর স্কিল ডেভেলপমেন্ট ও পশ্চিমবঙ্গ স্বরোজগার নিগম লিমিটেড অনুমোদিত নীচের ৯টি ট্রেডে নিখরচায় হাতের কাজের ট্রেনিংয়ে ভরতি নিচ্ছে। সোমবার থেকে শুক্রবার সকাল সাড়ে ১০টা থেকে দুপুর সাড়ে ৩টে পর্যন্ত ক্লাস হবে। ট্রেনিং চলার সময় দুপুরে খাওয়ার ব্যবস্থা আছে। ট্রেনিং শেষে যাতায়াত খরচ দেওয়া হবে (শর্তসাপেক্ষে)। ট্রেনিং দেওয়া হচ্ছে এইসব ট্রেডে —

(১) ফিল্ড টেকনিশিয়ান — এসি। যোগ্যতা : মাধ্যমিক পাশ। মেয়াদ : ৩০০ ঘণ্টা। এই ট্রেনিংয়ে এসি ইন্সটলেশন, রিপেয়ারিং ও সার্ভিসিং শেখানো হবে।

(২) সেইং মেশিন অপারেটর। যোগ্যতা : ক্লাস ফাইভ পাশ। মেয়াদ : ২৭০ ঘণ্টা। ট্রেনিংয়ে পুরুষ ও মহিলাদের বিভিন্ন ধরনের পোশাক সেলাই ও সেলাই মেশিন চালানো সংক্রান্ত বিষয় শেখানো হবে।

(৩) আগরবাতি প্যাকের (Packer)। যোগ্যতা : ক্লাস ফাইভ পাশ। মেয়াদ : ২২০ ঘণ্টা। এই ট্রেনিংয়ে শেখানো হবে ধূপকাঠি তৈরি ও প্যাকেজিং।

(৪) জুট প্রোডাক্ট স্টিচিং অপারেটর। যোগ্যতা : ক্লাস ফাইভ পাশ। মেয়াদ : ৩০০ ঘণ্টা। ট্রেনিংয়ে শেখানো হবে পাটের বিভিন্ন হস্তজাত / মেশিনজাত বস্তু তৈরি।

(৫) ফেলবোটমি টেকনিশিয়ান (Phelbotomy Technician)। যোগ্যতা : উচ্চমাধ্যমিক পাশ (বিজ্ঞানের ছাত্র হলে অগ্রাধিকার দেওয়া হবে)। মেয়াদ : ৬০০ ঘণ্টা। এই ট্রেনিংয়ে প্যাথলজিক্যাল পরীক্ষার জন্য রক্তের নমুনা সংগ্রহ ও রক্তের নমুনা প্রস্তুতি সংক্রান্ত বিষয় শেখানো হবে।

(৬) জেনারেল ডিউটি অ্যাসিস্ট্যান্ট। যোগ্যতা : মাধ্যমিক পাশ। মেয়াদ : ৪২০ ঘণ্টা। এই ট্রেনিংয়ে রোগীকে বিভিন্ন ধরনের সাহায্য ও নার্সের সহায়িকা সংক্রান্ত বিষয় শেখানো হবে।

(৭) এমপ্লয়াবিলিটি এনহান্সমেন্ট প্রোগ্রাম (কম্পিউটার ট্রেনিং) [Employability Enhancement]। মেয়াদ : ২ মাস। এই ট্রেনিংয়ে কমিউনিকেশন স্কিল ডেভেলপমেন্ট, কর্পোরেট এটিকেটস ও ম্যানার্স, লিডারশিপ স্কিলস, পার্সোনালিটি ডেভেলপমেন্ট, ম্যাথমেটিক্স, রিজনিং ও বিজনেস আইটি স্কিলস ইত্যাদি বিষয় শেখানো হবে। যোগ্যতা : ২০১৬ সাল থেকে ২০১৮ সালের মধ্যে যে কোনো বিষয়ে গ্র্যাজুয়েট।

(৮) ড্রইং, পেন্টিং ও বাটিক। যোগ্যতা : ক্লাস এইট পাশ। মেয়াদ : ২০০-২৪০ ঘণ্টা। এই ট্রেনিংয়ে বিভিন্ন শাড়ি, চুড়িদার, বেড কভারের ওপর ফেব্রিক, বাটিক, ওয়াটার ও মধুবনির কাজ শেখানো হবে।

(৯) হ্যান্ড এমব্রয়ডারি। যোগ্যতা : ক্লাস এইট পাশ। মেয়াদ : ২০০-২৪০ ঘণ্টা। এই ট্রেনিংয়ে বিভিন্ন শাড়ি, বেড কভারের ওপর হ্যান্ড এমব্রয়ডারির কাজ শেখানো হবে।

আবেদন করতে হবে সম্পূর্ণ বায়োডাটা দিয়ে। ভরতির সময় নিয়ে আসতে হবে এইসব নথিপত্র — (১) আধার কার্ডের ৩ কপি নকল। (২) ভোটার কার্ডের ৩ কপি নকল। (৩) বয়স ও শিক্ষাগত যোগ্যতার নকল। (৪) সংরক্ষিত হলে সার্টিফিকেটের ৩ কপি নকল। (৫) ব্যাঙ্ক পাসবইয়ের (প্রথম পৃষ্ঠা) ৩ কপি নকল।

যোগাযোগ করতে হবে এই ঠিকানায় — মা সারদা স্বনির্ভর কেন্দ্র, ২০, প্রাণকৃষ্ণ মুখার্জি রোড, কলকাতা-৭০০০০২ (চিৎপুর ব্রিজের ডানদিকে)। ফোন : (০৩৩) ২৫৩৩০০৮৪, ২৯৫৫০২২৯, ৯০৭৩৮২৬৮৪৭।

## বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের কমিউনিটি কলেজে মৌমাছি পালন, ডায়েটেটিক্সের কোর্স

নিজস্ব প্রতিনিধি : বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের কমিউনিটি কলেজ সেন্টারে ২০১৮-১৯ সেশনে ভরতি নেওয়া হচ্ছে এই ৩টি সার্টিফিকেট কোর্সে — (১) বি কিপিং ও ম্যানেজমেন্ট। (২) সার্টিফিকেট কোর্স ফর দ্য ডায়েটেটিক্স। (৩) অন্ত্রেপ্রেনিওরশিপ ডেভেলপমেন্ট সার্টিফিকেট। মাধ্যমিক বা সমতুল কোর্স পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। মেয়াদ ৬ মাস ও কোর্স ফি ২,০০০ টাকা। প্রতিটি ক্ষেত্রে সীট ৫০টি করে। বয়সের কোনো কড়াকড়ি নেই। আগে আসার ভিত্তিতে সুযোগ। নিয়মিত ক্লাস হবে সোমবার থেকে শুক্রবার বেলা ১২টা থেকে সন্ধ্যে ৬টা পর্যন্ত। আবেদন করতে হবে নির্ধারিত বয়ানে। ২০০ টাকার বিনিময়ে হাতে হাতে বা ডিমান্ড ড্রাফট পাঠাতে হবে বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের অনুকূলে ও পেয়েবল অ্যাট লিখবেন মেদিনীপুর। এছাড়াও ফর্ম ডাউনলোড করতে পারেন এই ওয়েবসাইট থেকে — www.vidyasagar.ac.in। পূরণ করা দরখাস্ত জমা দিতে হবে ১৫ নভেম্বরের মধ্যে। এই ঠিকানায় — The Nodal Officer, Community College Centre, Vidyasagar University, Paschim Midnapore-721102।

# ব্যবসা

## রাজ্য সরকারের স্বনির্ভর প্রকল্প থেকে ঋণ নিয়ে হ্যান্ড গ্লাভস তৈরির ব্যবসা

নিজস্ব প্রতিনিধি : ৪ থেকে ৫ লাখ টাকার পুঁজিতে কোনো লাভজনক ব্যবসা করতে চাইলে রবারের হ্যান্ড গ্লাভস তৈরির ব্যবসা করতে পারেন। হ্যান্ডগ্লাভস হয় সাধারণত এই ৩ ধরনের : সার্জিক্যাল হ্যান্ড গ্লাভস, ইন্ডাস্ট্রিয়াল হ্যান্ড গ্লাভস ও ডোমেস্টিক হ্যান্ড গ্লাভস। চিকিৎসা ক্ষেত্র ও শিল্পক্ষেত্রে সার্জিক্যাল ও ইন্ডাস্ট্রিয়াল হ্যান্ড গ্লাভসের বিপুল চাহিদা আছে। দেশের বাইরেও এর ব্যাপক কদর আছে। তাই এখানে এই দু'ধরনের হ্যান্ড গ্লাভসের কথাই বলা হচ্ছে।

সার্জিক্যাল গ্লাভস : সার্জিক্যাল গ্লাভস তৈরির জন্য লাগে এইসব উপাদান : (১) ৬০% ল্যাটেক্স রাবার - ১০০ কেজি, (২) গন্ধক - ২ কেজি, (৩) অ্যাক্টিভেটর - ১ কেজি, (৪) জি এন পাউডার - ১ কেজি, (৫) অ্যাকসেলারেটর - ১ কেজি, (৬) প্লাস্টিসাইজার - ১ কেজি।

ইন্ডাস্ট্রিয়াল গ্লাভস : ইন্ডাস্ট্রিয়াল গ্লাভস তৈরির জন্য লাগে এইসব উপাদান : (১) ৬০% ল্যাটেক্স রাবার - ১০০ কেজি, (২) গন্ধক - ২ বা, ৩ কেজি, (৩) অ্যাক্টিভেটর - ১ কেজি, (৪) জি এন পাউডার - ১ কেজি, (৫) অ্যাকসেলারেটর - ৭৫০ গ্রাম, (৬) চিনা মাটি - ১৫ গ্রাম, (৭) পিগমেন্ট (রঙ) - ১ কেজি।

যন্ত্রপাতি : যন্ত্রপাতি বলতে লাগে একটি পট মিল, একটি বিদ্যুৎ চালিত এয়ার ওভেন, একটি ৩ হর্স পাওয়ারের মোটর ও ১টি কাঠের মোল্ড বা, ছাঁচ। এয়ার ওভেন কিনবেন ৩ x ৩ x ২ ফুটের থার্মোস্টেট মাপের। এছাড়া এইসব মেশিনারির জন্য লাগবে বিদ্যুৎ ও ১০০ বর্গমিটার ঢাকা জায়গা।

কোথায় কী পাবেন : পট মিল পাবেন এই ঠিকানায় : ওরিয়েন্টাল মেশিনারি প্রাঃ লিঃ, ২৫ আর. এন. মুখার্জী রোড, কলকাতা -১। এয়ার ওভেন পাবেন কলকাতার বিডন স্ট্রিট ও বঙ্কিম চ্যাটার্জি স্ট্রিটের বিভিন্ন দোকানে। ল্যাটেক্স রাবার ও অন্যান্য কাঁচামাল পাবেন কলকাতার বেলেঘাটা, গোবিন্দ খটিক রোড ও তপশিয়া অঞ্চলের বিভিন্ন দোকানে।

কীভাবে তৈরি করবেন : প্রথমে একটি পট নিয়ে, তাতে জিঙ্ক অক্সাইড, অ্যাকসেলারেটর, অ্যাক্টিভেটর, জি এন. পাউডার ইত্যাদি উপাদানগুলি ওপরের অনুপাতে ঢেলে দিতে হবে। এরপর পট মিলটি বিদ্যুতের মাধ্যমে চালিয়ে দিলে ওইসব উপাদান মিশতে শুরু করবে। উপাদানগুলি যতক্ষণ না ভালোভাবে মিশছে ততক্ষণ পট মিলটি চালু রাখতে হবে। এরপর ওই মিশ্রণকে একটি বড় প্লাস্টিকের বাকেটে ঢেলে দিতে হবে। এবার হ্যান্ড গ্লাভসের মোল্ড বা, ছাঁচটি ওই মিশ্রণে চুবিয়ে তুলে নিতে হবে। ছাঁচের সারা গায়ে ওই মিশ্রণ সমান ও মসৃণ হয়ে লেগে যাবে। তরল মিশ্রণটি ঘনীভূত হওয়ার আগে দেখে নিতে হবে যতটা পুরু করতে চাইছেন, ততটা পুরু হয়েছে কিনা। বেশি পুরু করতে চাইলে ঘনীভূত হওয়ার পর বার কয়েক ডোবাতে ও তুলতে হবে। মোল্ডের (ছাঁচের) গায়ে ওই মিশ্রণ ঘনীভূত হওয়ার পরে হ্যান্ড গ্লাভসের মুখের জায়গা কেটে এয়ার ওভেনে চাপিয়ে দিতে হবে। এয়ার ওভেনের তাপে রাবার শক্ত হয়ে যাবে। এরপর এয়ার ওভেন থেকে বের করে হ্যান্ড গ্লাভসটি মোল্ড থেকে ছাড়িয়ে আলাদা করে নিতে হবে। শেষে হ্যান্ড গ্লাভসের ভেতরে ও বাইরে পাউডার দিয়ে পরপর ট্রেতে সাজিয়ে রেখে দেবেন।

লোকবল : শুরুতে ২ জন দক্ষ কর্মী ও ৪ জন অদক্ষ কর্মী রাখতে পারেন। তবে ব্যবসা শুরুর আগে পঞ্চায়েত / পুরসভা ও পশ্চিমবঙ্গ দূষণ পর্ষদের ছাড়পত্র নিতে হবে। এ ব্যাপারে সাহায্য পেতে হলে সংশ্লিষ্ট জেলা শিল্পকেন্দ্রে যোগাযোগ করতে হবে, অথবা এলাকার শিল্প উন্নয়ন আধিকারিকের (I.D.O) সঙ্গে যোগাযোগ করতে পারেন।

বিপণন : কলকাতায় বিপণনের মূল ক্ষেত্র বড়বাজার। কলকাতার চিত্তরঞ্জন অ্যাভিনিউ ও মেডিক্যাল কলেজ হাসপাতালের সামনে বিভিন্ন মেডিক্যাল স্টোর্সে সার্জিক্যাল হ্যান্ড গ্লাভস কেনা হয়। লাভজনকভাবে ব্যবসা করতে হলে, ভালো বরাত পেতে হবে। এজন্য বিভিন্ন শিল্প, কলকারখানা, হাসপাতাল বা, নার্সিংহোমে যোগাযোগ করতে হবে। সরকারি ক্ষেত্রে কাজের বরাত দেওয়া হয় দরপত্রের (টেন্ডার) মাধ্যমে।

কোথায় টাকা পাবেন : এই ধরনের ব্যবসা করার জন্য ঋণ পাওয়া যায় 'প্রধানমন্ত্রী কর্মসৃজন প্রকল্প' ও 'বাংলা স্বনির্ভর কর্মসংস্থান প্রকল্প' থেকে।

epaper1234.blogspot.com



## কর্মখালি [redacted]

### কর্সমেটিক্স কোম্পানি

উত্তর ২৪ পরগনার কর্সমেটিক্স কোম্পানিতে B.Sc (Chemistry) এবং Tally জন্য ছেলে চাই। (D.A) ৯৪৭৫৭৫৬২৬২, ৯৬০৯৫১৬২৬২

□ SH (S)

English / Hindi Speaking Telecaller Required For North Kolkata. Salary-9000/-, Attractive Incentive. Call – 8599901521 (G.M)

□ P

SBI / JIO / Vodafone কাস্টঃ কেয়ারে বাংলা জন্য প্রচুর ছেলেমেয়ে চাই। বেতন INC + OT- সহ 11400/-. M : 7044049492

□ B

### CARETAKER চাই

পুরীতে থেকে মন্দিরের Caretaker, ব্রাহ্মণ অগ্রাধিকার। থাকা ফ্রী, খাওয়া - ৩০০০, মাসিক 5000/-, মোট ৮০০০/-। সত্বর যোগাযোগ - 9830084759.

□ SA

### স্থায়ী কাজ

3 স্টার 5 স্টার হোটেলে কাজের জন্য কর্মী চাই। (বেতন ১১৫০০ - ১৮৫০০)। M : 8697456315

□ SA

### সরাসরি নিয়োগ

প্রতিটি জেলায় টাওয়ার Co., রোড সার্ভে, ATM, বিভিন্ন অফিসে কাজের জন্য কর্মী চাই। বেতন - ১২৫০০ - ১৮৫০০। M : 8348727948.

□ SA

**এয়ারপোর্ট ও মেট্রো**

বিনা ডোনেশনে সরাসরি কন্ট্রাক্টরের অধীনে নিয়োগ। ৮ম-স্নাতক। বেতন-18,700/-37,300/-M-8670444014

□ R

Govt. Regd. Co. তে কলকাতা ও বিভিন্ন জেলায় স্থায়ী ও উচ্চপদে (মাধ্যমিক-স্নাতক, অনূর্ধ্ব 28) 97 M /F নিয়োগ। আয় :5500-22500 +থাকা। কলকাতা-7890146942, বর্ধমান : 9163582218.

□ SG

### বিদেশে চাকরি

দুবাইতে লেবার, মিস্ত্রি, ড্রাইভার, ওয়েটার, সুইপার, কুক, সেলসম্যান, বিউটিশিয়ান বিভিন্ন পদে যোগ্যতা অনুসারে 25000 – 70000 পর্যন্ত মাইনের পদে নিযুক্তি চলছে। থাকা, যাতায়াত, ওভারটাইম, মেডিকেল, ইনসিওরেন্স কোম্পানি দেবে। পাসপোর্ট থাকলে অগ্রাধিকার। 6291574015.

□ B

### স্থায়ী চাকরি

জেলায় জেলায় ATM গার্ড, টাওয়ার Co., নার্সিংহোম, প্রাইভেট Co., হোটেল শোরুমে কাজের জন্য কর্মী চাই। বেতন-12500/--18500/-. M : 8436485750.

□ SA

শ্রেণিবদ্ধ বিজ্ঞাপন
কম খরচায় বেশি লাভ
দেখে, বুঝে পা ফেলুন

## কর্মখালি [redacted]

CHEMIST REQUIRE B.Sc With Chem. & Computer Knowledge. M.R (HOMOEO), HRL (I). Ph. - (033) 24835381.

□ SH (S)

JIO / Dish TV কাস্টমার কেয়ারে নিয়োগ। মাধ্যমিক -MA(18-37), বেতন Inc+OT-11800 টাকা। নদীয়া /মুর্শিদাবাদ-7407637977.

□ R

গভঃ রেজিঃ কোং-তে 13টি ব্রাঞ্চে স্থায়ী অফিস পদে (মাধ্যমিক-স্নাতক, অনূর্ধ 30) 65 M/F নিয়োগ। আয় : 7500 – 32,500 + থাকা ফ্রী। কোলকাতা- 9674949001

□ SG

**SBI/VODA/JIO 4G**

বাংলাভাষী মাধ্যমিক -গ্র্যাজুয়েট (18-35) ছেলেমেয়েদের স্পট সিলেকশন চলছে। বেতনঃ যোগ্যতানুসারে Inc+OT Bonus সহ 11,500 + অন্যান্য সুবিধা। প্রয়োজনে কাজ শিখে জয়েনিং। IIFA, Kol-28. দমদম(H.O.): 8420666060, গড়িয়া : 9002033880, দমদম (উঃ) : 9903223211, শিলিগুড়ি -9830771003

□ R

এক জানালায়
বীরভূম, মুর্শিদাবাদ, মালদা, পুরুলিয়া, বাঁকুড়ার জন্য
কর্মসংস্থান, সংবাদ ও Appointment & Career News -এর
বিজ্ঞাপন গ্রহণ কেন্দ্র

বীরভূম ও মুর্শিদাবাদ
UNIQUE MEDIA CHANNEL
"Uttaran", Vivekananda Pally, (Near Vivekananda High School), Bolpur-Santiniketan, Birbhum, PIN -731204, W.B.
Mob:9051120373 / 9531785874
" MANJURI" KALIBARI MORE (EAST SIDE), KANDI, MURSHIDABAD PIN - 742137
Mob : 9531785874 / 9051120373
Email : birishmapal@gmail.com

মুর্শিদাবাদ ও মালদা
Add Tech Solution
N23, 3rd Floor M.M.C. Church More / Indraprastha Berhampore PIN - 742 101
Mob. : 9476177445
Email : addtechwb@gmail.com addtechmail@gmail.com

পুরুলিয়া ও বাঁকুড়া
Manorama Ad Agency
Manorama Collection, P.N Ghosh Street, Purulia - 723 101
Mob. : 9434219781/9851559301
Email : manoramaadagency@gmail.com kunaldutta658@gmail.com

উত্তর কলকাতা
SUPRIYA PUBLICITY
100, Aurobindo Sarani, Room No. E-15 Hatibagan, Kolkata - 700 006
Mob. : 8777258122
Ph. : 033 2533 5320
Email : ashimchowdhury12@gmail.com

দক্ষিণ ২৪ পরগণা
Artheara Media Infotech Pvt. Ltd.
N3 Srinagar Main Road, Kolkata - 700 094
Tel. : 033 2423 0349
8100960001
Email : onlineadbooking1@gmail.com

সংস্থান প্রকাশনের বিজ্ঞাপন গ্রহণ কেন্দ্র খোলার জন্য আবেদন করুন এই ই-মেল আইডিতে
appointmentnews@gmail.com
অথবা
যোগাযোগ করুন এই নম্বরে -
9874922004

## চাকরির টুকরো খবর

### পুরসভায় চাকরি

মিউনিসিপ্যাল সার্ভিস কমিশনের বিজ্ঞপ্তি নং ১৯/২০১৮, ২০/২০১৮, ২১/২০১৮'এর বিভিন্ন পদের দরখাস্ত করার শেষ তারিখ বাড়িয়ে ১৬ নভেম্বর করা হয়েছে। পরীক্ষা ফী জমা দেওয়ার শেষ তারিখ ১৯ নভেম্বর। পরীক্ষা সংক্রান্ত আরো বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.mscwb.org

### স্টেট বেভারেজ কর্পোরেশনে চাকরি

ওয়েস্ট বেঙ্গল স্টেট বেভারেজ কর্পোরেশন লিমিটেড সফটওয়্যার ডেভেলপার্স হিসাবে কিছু লোক নিচ্ছে। বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.banglarmukh.gov.in দরখাস্ত করার শেষ তারিখ ২০ নভেম্বর।

### আর.জি.কর মেডিক্যাল কলেজে

আর.জি.কর মেডিক্যাল কলেজ ও হাসপাতালে ল্যাবরেটরি টেকনিশিয়ান, টেকনিক্যাল সুপারভাইজার পদে চুক্তিভিত্তিতে লোক নিচ্ছে। বয়স, শিক্ষাগত যোগ্যতা ইত্যাদি বিস্তারিত ভাবে পাবেন এই ওয়েবসাইটে : www.wbhealth.gov.in

### শান্তিপুর পুরসভার পরীক্ষা

শান্তিপুর পুরসভায় অ্যাসিস্ট্যান্ট ক্যাশিয়ার, অ্যাসিস্ট্যান্ট টিচার ও পিওন পদের যে লিখিত পরীক্ষা হবে ৩০ সেপ্টেম্বর হয়েছিল, তা বাতিল করা হয়েছে। ওই পরীক্ষা আবার নেওয়া হবে ১১ নভেম্বর। অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন এই ওয়েবসাইট থেকে : www.santipurmunicipality.in

### নার্সিং কোর্সে ভরতি

সেনাবাহিনীর নার্সিং ট্রেনিং স্কুলে 'বি.এসসি. (নার্সিং)' কোর্সে ভরতি শুরু হয়েছে। ৪ বছরের কোর্সে শুধুমাত্র মহিলারা যোগ্য। এই কোর্সে ভরতির বিস্তারিত তথ্য থাকবে আগামী সংখ্যায়। এছাড়াও পাবেন এই ওয়েবসাইটে : www.indianarmy.nic.in

### স্টাফ সিলেকশনের চূড়ান্ত ফল

কেন্দ্রীয় স্টাফ সিলেকশন কমিশনের ২০১৭ সালের দিল্লি পুলিশের সাব-ইন্সপেক্টর, সেন্ট্রাল আর্মড পুলিশ ফোর্স, সি.আই.এস.এফ.'এর সাব-ইন্সপেক্টর পদের চূড়ান্ত ফল বেরিয়েছে।

## রাজ্য বিদ্যুৎ সংস্থায় ৮১

১ পাতার পর

**অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (এইচ.আর.অ্যান্ড এ.) :** যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা হিউম্যান রিসোর্স বা, পার্সোনেল ম্যানেজমেন্ট স্পেশালাইজেশন হিসাবে নিয়ে ২ বছরের এম.বি.এ. / এম.পি.এম./ এম.এইচ.আর.এম. কোর্স পাশরা আবেদন করতে পারেন। পার্সোনেল ম্যানেজমেন্ট বা, হিউম্যান রিসোর্স স্পেশালাইজেশন হিসাবে নিয়ে পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রি / ডিপ্লোমা (২ বছরের) কোর্স পাশ হলেও যোগ্য। মূল মাইনে : ১৫,৬০০-৩৯,১০০ টাকা। গ্রেড পে ৫,৪০০ টাকা। শূন্যপদ : ২০টি (জেনাঃ ১০, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ১, ও.বি.সি.-এ ক্যাটেগরি ২, ও.বি.সি. - বি ক্যাটেগরি -১, প্রতিবন্ধী ২)।

**অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (এফ অ্যান্ড এ) :** যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা চার্টার্ড অ্যাকাউন্ট্যান্সি /কস্ট অ্যান্ড ওয়ার্ক্স অ্যাকাউন্ট্যান্সি /ফিনান্স স্পেশালাইজেশন হিসাবে নিয়ে এম.বি.এ. (২ বছরের) কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। মাইনে ওপরের মতো। শূন্যপদ : ২৭টি (জেনাঃ ১৩, তঃজাঃ -৬, তঃউঃজাঃ ২, ও.বি.সি. - এ ক্যাটেগরি ৩, ও.বি.সি. -বি ক্যাটেগরি -২, প্রতিবন্ধী ১)।

**জুনিয়র এক্সিকিউটিভ (ফিনান্স) :** যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট, কস্ট অ্যাকাউন্ট্যান্ট কোর্স পাশ কিংবা ফিনান্স অ্যান্ড অ্যাকাউন্টসের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। মূল মাইনে : ৯,৩০০-৩৪,৮০০ টাকা। গ্রেড পে ৪,৭০০ টাকা। শূন্যপদ : ৩৪টি (জেনাঃ ১৫, তঃজাঃ -৬, তঃউঃজাঃ ৭, ও.বি.সি. - এ ক্যাটেগরি ৩, ও.বি.সি. -বি ক্যাটেগরি -২, প্রতিবন্ধী ১)।

ওপরের সব পদের বেলায় বয়স হতে হবে ১-১-২০১৮'র হিসাবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। শুরুতে ১ বছরের প্রবেশন।

প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা হবে ডিসেম্বরে। সফল হলে ভাইভা টেস্ট। সব পরীক্ষাই হবে কলকাতায়।

দরখাস্ত করবেন অনলাইনে, ২৬ নভেম্বর পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.wbsedcl.in অনলাইনে দরখাস্ত করার সময় বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে আর ফটো ও সিগনেচার স্ক্যান করে নিয়ে যাবেন। ফটো ও সিগনেচার ৫০ কে.বি.'র মধ্যে স্ক্যান করে নেবেন।

এছাড়া পরীক্ষা ফী বাবদ ৪০০ টাকা চালানের মাধ্যমে জমা দেবেন ইউনাইটেড ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার যে কোনো শাখায়। টাকা জমা দেবেন কারেন্ট অ্যাকাউন্টে on behalf of WBSETCL. ৩ কপি চালান ওয়েবসাইট থেকে ডাউনলোড করতে পারবেন। টাকা জমা দেওয়ার পর Transaction ID & SOL ID নিয়ে নেবেন। টাকা জমা দিতে পারবেন ২৬ নভেম্বর পর্যন্ত। তপশিলী ও প্রতিবন্ধীদের ফী লাগবে না।

প্রথমে ওই ওয়েবসাইটে গিয়ে MPP/2018/04-তে ক্লিক করার পর Apply-তে ক্লিক করলে একটি রেজিস্ট্রেশন ফর্ম পাবেন। ওই ফর্মে যাবতীয় তথ্য ঠিকভাবে দেবেন আর ফটো ও সিগনেচার আপলোড করে আর ফী ডিটেলস আপলোড করে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। নাম রেজিস্ট্রেশন করার পর রেজিস্ট্রেশন স্লিপ প্রিন্ট করে নেবেন। দরখাস্ত করার আগে যাবতীয় তথ্য ওপরের ওই ওয়েবাইটে দেওয়া মূল বিজ্ঞাপন দেখে নেবেন। দরখাস্তের ফর্ম বা, চালান কিংবা অন্য কোনো প্রমাণপত্র ডাকে পাঠাতে হবে না। অনলাইনে দরখাস্ত করার পর ই-মেল বা, এস.এম.এস. মারফৎ ট্রানজাকশন আই.ডি. ও এস.ও.এল. আই.ডি. পাবেন।

## ৫৮ অ্যাপ্রেন্টিস

১ পাতার পর

ইলেকট্রনিক্স, ইলেকট্রিক্যাল, মেকানিক্যাল বা, সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা সংশ্লিষ্ট ট্রেডে 'টেকনিশিয়ান (ডিপ্লোমা) অ্যাপ্রেন্টিস' হিসাবে আবেদন করতে পারেন। শূন্যপদ : কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বা, আই.টি. ৮টি, ইলেকট্রনিক্স ১০টি, ইলেকট্রিক্যাল ৫টি, মেকানিক্যাল ৩টি, সিভিল ৪টি। স্টাইপেন্ড মাসে ৩,৫৪২ টাকা।

অ্যারোস্পেস, সিভিল, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রিক্যাল, ইলেকট্রনিক্স বা, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা 'গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস' হিসাবে আবেদন করতে পারেন। শূন্যপদ : অ্যারোস্পেস ইঞ্জিনিয়ারিংয়ে ২টি, সিভিলে ৩টি, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিংয়ে ৫টি, ইলেকট্রিক্যালে ৪টি, ইলেকট্রনিক্সে ১০টি, মেকানিক্যালে ৪টি। স্টাইপেন্ড মাসে ৪,৯৮৪ টাকা। ১২ মাসের ট্রেনিং। প্রার্থী বাছাইয়ের লিখিত পরীক্ষা ও ইন্টারভিউ হবে ১ ও ৮ ডিসেম্বর। এই ঠিকানায় : Integrated Test Range, Chandipur - 756025, Balasore (Odisha). তখন যাবতীয় প্রমাণপত্রের মূল ও প্রত্যয়িত জেরক্স নিয়ে যাবেন। এই পদের বিজ্ঞপ্তি নং : ITR/HRD/AT/04/2018. প্রার্থীদের প্রথমে নাম নথিভুক্ত করতে হবে এই ওয়েবসাইটে : www.mhrdnats.gov.in নাম নথিভুক্ত করার পর অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করার পর স্ক্যান করে ই-মেল করতে হবে। গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিসের বেলায় ২৬ নভেম্বরের মধ্যে আর টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস পদের বেলায় ৩ ডিসেম্বরের মধ্যে। এই নম্বরে : hrd@itr.drdo.in কোনো অসুবিধা হলে ফোন করুন এই নম্বরে : 06782 272144.

## বিনা খরচে ইঞ্জিনিয়ারিং পড়ে সেনাবাহিনীতে চাকরি

ভারতীয় স্থলবাহিনী বিনা খরচায় ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি (১০+২ টেকনিক্যাল এন্ট্রি স্কিম) কোর্স পড়িয়ে লেফটেন্যান্ট পদে চাকরি দিচ্ছে। শুরুতে 'ক্যাডেট' হিসাবে ট্রেনিং। ৩ বছর পরই মাসে ৫৬,১০০ টাকা করে স্টাইপেন্ড পাবেন। তারপর চতুর্থ বছরের পরীক্ষায় সফল হলে একদিকে যেমন ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশের সার্টিফিকেট পাবেন, অন্যদিকে তেমন লেফটেন্যান্ট পদে স্থায়ী চাকরি।

ফিজিক্স, কেমিস্ট্রি ও অঙ্ক অন্যতম বিষয় হিসাবে নিয়ে উচ্চমাধ্যমিক পাশ অবিবাহিত ছেলেরা মোট অন্তত ৭০% নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে সাড়ে ১৬ থেকে সাড়ে ১৯ বছরের মধ্যে, অর্থাৎ জন্মতারিখ হতে হবে ১-১-২০০০ থেকে ১-১-২০০৩'এর মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় ১৫৭.৫ সেমি আর ওজন হতে হবে উচ্চতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। বুকের ছাতি ৫ সেমি প্রসারণক্ষম থাকা দরকার। এছাড়া শারীরিক সুস্থতা থাকতে হবে। মোট ৫ বছরের ট্রেনিং। এর মধ্যে প্রথমে ১ বছর বেসিক মিলিটারি ট্রেনিং হবে গয়ার অফিসার ট্রেনিং অ্যাকাডেমিতে। সফল হলে ৩ বছরের প্রি-কমিশন ট্রেনিং হবে পুণের কলেজ অফ মিলিটারি ইঞ্জিনিয়ারিংয়ে, সেকেন্দরাবাদের মিলিটারি কলেজ অফ ইলেক্ট্রিক্যাল অ্যান্ড মেকানিক্যাল ইঞ্জিনিয়ার্স ও মোহৌয়ের মিলিটারি কলেজ অফ টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিংয়ে। এরপর ইঞ্জিনিয়ারিংয়ের বিভিন্ন শাখায় ১ বছরের পোস্ট কমিশন ট্রেনিং হবে। সফল হলে ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশের সার্টিফিকেট পাবেন। ৩ বছরের প্রি-কমিশন ট্রেনিংয়ের সময় স্টাইপেন্ড মাসে ৫৬,১০০ টাকা। ৪ বছরের ট্রেনিং শেষে 'লেফটেন্যান্ট' র‌্যাঙ্কে চাকরি। তখন মূল মাইনে : ৫৬,১০০-১,৭৭,৫০০ টাকা। এরপর ধাপে ধাপে লেফটেন্যান্ট জেনারেল পর্যন্ত পদোন্নতি হতে পারে। শূন্যপদ : ৯০টি। ট্রেনিং শুরু জুলাইয়ে।

প্রার্থী বাছাই করবে সার্ভিস সিলেকশন বোর্ড। উচ্চমাধ্যমিকে পাওয়া নম্বরের ভিত্তিতে প্রাথমিক বাছাই প্রার্থীদের ইন্টারভিউয়ের 'কল লেটার' পাঠানো হবে। ইন্টারভিউ হবে এলাহাবাদ, ব্যাঙ্গালোর ও ভোপালে। মোট ৫ দিনের এই পরীক্ষায় সাইকোলজি ওরিয়েন্টেড ইন্টেলিজেন্স টেস্ট, গ্রুপ টেস্ট ও ইন্টারভিউ হবে। এরপর ৩-৫ দিনের ডাক্তারি পরীক্ষা। ইন্টারভিউয়ে যাতায়াতের ভাড়া ফেরৎ পাবেন।

দরখাস্ত করবেন অনলাইনে, ২৭ নভেম্বরের মধ্যে। এই ওয়েবসাইটে : www.joinindianarmy.nic.in

অনলাইনে দরখাস্ত করার পর ২ কপি অ্যাপ্লিকেশন প্রিন্ট করে নেবেন। এবার এই অ্যাপ্লিকেশনের ১ কপি নিজের কাছে রেখে দেবেন। আরেক কপির সঙ্গে যাবতীয় প্রমাণপত্রের মূল ও প্রত্যয়িত নকল আর ২০ কপি পাশপোর্ট মাপের ফটো প্রার্থী বাছাই পরীক্ষার সময় নিয়ে যেতে হবে। কোনো দরখাস্ত ডাকে পাঠাতে হবে না। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## ৪০০ টেকনিক্যাল অফিসার

১ পাতার পর

আই.টি.আই. থেকে ইলেক্ট্রনিক মেকানিক, রেফ্রিজারেশন অ্যান্ড টি.ভি., ইলেক্ট্রিক্যাল বা, ফিটার ট্রেডের ২ বছরের সার্টিফিকেট কোর্স পাশ হলে 'জুনিয়র কনসালট্যান্ট -ফিল্ড অপারেশন' পদের জন্য যোগ্য। বয়স হতে হবে ২৮ বছরের মধ্যে। পারিশ্রমিক মাসে ১৬,০৪২ টাকা। শূন্যপদ : ১৯০টি।

দুই পদের বেলায়ই বয়স হতে হবে ৩০-৯-২০১৮'এর হিসাবে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর ও প্রতিবন্ধীরা ১০ বছর বয়সে ছাড় পাবেন। এই পদের বিজ্ঞপ্তি নং : 39/2018.

জুনিয়র টেকনিক্যাল অফিসার পদের বেলায় প্রার্থী বাছাই হবে ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউ হবে ৮ নভেম্বর, বেলা সাড়ে ৯টায়। এই ঠিকানায় : ECIL Zonal Office, 4th Floor, Appejay House, 15, Park Street, Kolkata - 700 016. Ph: 033-22172696.

জুনিয়র কনসালট্যান্ট ফিল্ড অপারেশন (গ্রেড-।।) পদের বেলায় প্রার্থী বাছাই পরীক্ষা হবে ১০ নভেম্বর, বেলা সাড়ে ৯টায়। এই ঠিকানায় : Durgapur Institute of Advanced Technology and Management, G.T. Road, Rajbandh, Durgapur, Paschim Bardhaman, Pin- 713212. Ph: 033-22172696. প্রার্থী বাছাই পরীক্ষার সময় দরখাস্তের বয়ান পূরণ করে নিয়ে যাবেন। এছাড়াও বয়স, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, কাস্ট সার্টিফিকেট ইত্যাদি প্রমাণপত্রের মূল ও প্রত্যয়িত জেরক্স আর পাশপোর্ট মাপের রঙিন ফটো সঙ্গে নিয়ে যাবেন। দরখাস্তের বয়ান ডাউনলোড করতে পারবেন এই ওয়েবসাইট থেকে : www.ecil.co.in আরো বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে।

### বিশেষ বিজ্ঞপ্তি

'কর্মসংস্থান' পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের বিষয়বস্তু ও যথার্থতার যাবতীয় দায়িত্ব বিজ্ঞাপনদাতাদের। কোনো সংস্থার বিজ্ঞাপন, আইনী সমস্যা সৃষ্টি করলে বা, কারো আর্থিক ক্ষতির জন্য দায়ী হলে, তার যাবতীয় দায়-দায়িত্ব পুরোপুরি বিজ্ঞাপনদাতা সংস্থার ওপরই বর্তাবে। 'কর্মসংস্থান' পত্রিকা বা, 'সংস্থান প্রকাশন প্রাইভেট লিমিটেড' তার জন্য কোনোভাবেই দায়ী নয়।

— সম্পাদক, কর্মসংস্থান।

epaper1234.blogspot.com



## কোস্ট গার্ডে অফিসার

১ পাতার পর

কারা কোন পদের জন্য যোগ্য :

অ্যাসিস্ট্যান্ট কমান্ড্যান্ট (জেনারেল ডিউটি) : ফিজিক্স ও অঙ্ক বিষয়ের প্রতিটিতে ৬০% নম্বর পেয়ে উচ্চমাধ্যমিক পাশের পর যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেরা মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। জন্ম-তারিখ হতে হবে ১-৭-১৯৯৪ থেকে ৩০-৬-১৯৯৮'র মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৫৭সেমি (ত্রিপুরা, অসম ও গোর্খাদের বেলায় ১৫২ সেমি), বুকের ছাতি সুসামঞ্জস্যপূর্ণ ও অন্তত ৫ সেমি প্রসারণক্ষম আর ওজন হতে হবে উচ্চতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। দৃষ্টিশক্তি হতে হবে চশমা ছাড়া ভালো চোখে ৬/৬ ও খারাপ চোখে ৬/৯ ও চশমা-সহ উভয় চোখে ৬/৬। বেসিক পে : ৫৬,১০০ টাকা।

অ্যাসিস্ট্যান্ট কমান্ড্যান্ট (জেনারেল ডিউটি) (শর্ট সার্ভিস অ্যাপয়নমেন্ট) : ফিজিক্স ও অঙ্ক বিষয়ের প্রতিটিতে ৬০% নম্বর পেয়ে উচ্চমাধ্যমিক পাশের পর যে কোনো শাখার গ্র্যাজুয়েট মেয়েরা মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। জন্ম-তারিখ হতে হবে ১-৭-১৯৯৪ থেকে ৩০-৬-১৯৯৮'র মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৫২ সেমি, বুকের ছাতি সুসামঞ্জস্যপূর্ণ আর ওজন হতে হবে উচ্চতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। দৃষ্টিশক্তি হতে হবে চশমা ছাড়া ভালো চোখে ৬/৬ ও খারাপ চোখে ৬/৯ ও চশমা-সহ উভয় চোখে ৬/৬। বেসিক পে : ৫৬,১০০ টাকা।

অ্যাসিস্ট্যান্ট কমান্ড্যান্ট (কমার্শিয়াল পাইলট এন্ট্রি) (শর্ট সার্ভিস অ্যাপয়নমেন্ট) : ফিজিক্স ও অঙ্ক বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকলে আর সাম্প্রতিক 'কমার্শিয়াল পাইলট লাইসেন্স (সি.পি.এল.)' পেয়ে থাকলে আবেদন করতে পারেন। জন্ম-তারিখ হতে হবে ১-৭-১৯৯৪ থেকে ৩০-৬-২০০০'এর মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে ছেলেদের বেলায় লম্বায় ১৫৭ সেমি আর মেয়েদের বেলায় ১৫২ সেমি, ওজন উচ্চতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ, বুকের ছাতি সুসামঞ্জস্যপূর্ণ ও অন্তত ৫ সেমি প্রসারণক্ষম। দৃষ্টিশক্তি হতে হবে চশমা ছাড়া এক চোখে ৬/৬ ও অন্য চোখে ৬/৯, যা ৬/৬ পর্যন্ত সংশোধনযোগ্য। বেসিক পে : ৫৬,১০০ টাকা।

অ্যাসিস্ট্যান্ট কমান্ড্যান্ট (ল') : মোট অন্তত ৬০% নম্বর পেয়ে আইনের ডিগ্রি কোর্স পাশ ছেলেমেয়েরা যোগ্য। ডিগ্রি কোর্স পাশের পর আইনের ৩ বছরের আর উচ্চমাধ্যমিক পাশের পর আইনের ৫ বছরের কোর্স পাশ হতে হবে। জন্ম-তারিখ হতে হবে ১-৭-১৯৮৯ থেকে ৩০-৬-১৯৯৮'র মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে ছেলেদের বেলায় লম্বায় ১৫৭ সেমি আর মেয়েদের বেলায় ১৫২ সেমি, বুকের ছাতি সুসামঞ্জস্যপূর্ণ ও অন্তত ৫ সেমি প্রসারণক্ষম আর ওজন হতে হবে উচ্চতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। দৃষ্টিশক্তি হতে হবে চশমা ছাড়া ভালো চোখে ৬/৬০ ও খারাপ চোখে ৬/৬০ ও চশমা-সহ উভয় চোখে ৬/৬, ৬/১২। বেসিক পে : ৫৬,১০০ টাকা।

ওপরের সব পদের বেলায় তপশিলী, এন.সি.সি.'র 'সি' সার্টিফিকেট কোর্স পাশ, খেলোয়াড়রা শুধুমাত্র ডিগ্রি কোর্সে অন্তত ৫% নম্বরে ছাড় পাবেন।

ও.বি.সি.'রা ৩ বছর, তপশিলীরা ৫ বছর বয়সে ছাড় পাবেন। শুরুতে ২ বছর প্রবেশন। ট্রেনিংয়ের সময় স্টাইপেন্ড পাবেন। এছাড়া আছে অন্যান্য সুযোগ-সুবিধা। খেলাধুলায় দক্ষতা বা, এন.সি.সি.'র সার্টিফিকেট থাকলে গুরুত্ব পাবেন। শিক্ষাগত যোগ্যতায় পাওয়া নম্বরের শতকরা হার আর খেলাধুলা ও এন.সি.সি.'র সার্টিফিকেট দেখে প্রাথমিক বাছাই প্রার্থীদের 'সিলেকশন টেস্ট/ইন্টারভিউ'এর 'কল লেটার' পাঠানো হবে।

প্রথমে হবে প্রিলিমিনারি সিলেকশন টেস্ট। পরীক্ষা হবে ১৭ ডিসেম্বর থেকে ১৭ জানুয়ারির মধ্যে, পূর্ব ভারতে একমাত্র কলকাতা ও ভুবনেশ্বরে। এই পরীক্ষায় থাকবে জেনারেল মেন্টাল এবিলিটি টেস্ট / কগনিটিভ অ্যাপ্টিটিউড টেস্ট, পিকচার পারসেপশন ও ডিসকাশন টেস্ট। সফল হলে মেন পরীক্ষায় সাইকোলজিক্যাল টেস্ট, গ্রুপ টেস্ট ও ইন্টারভিউ হবে নয়ডা ও চেন্নাইয়ে। সবশেষে ডাক্তারি পরীক্ষা হবে দিল্লি, মুম্বাই বা, চেন্নাইয়ে। প্রথমে ২ সপ্তাহের 'প্রি-ন্যাভাক ওরিয়েন্টেশন ট্রেনিং প্রোগ্রাম' হবে নয়ডায়। সফল হলে বেসিক ট্রেনিং হবে ইঝিমালায়। তপশিলীরা পরীক্ষা দিতে যাতায়াতের রেলভাড়া পাবেন। ২-৩ দিন থাকার প্রস্তুতি নিয়ে পরীক্ষা দিতে যাবেন। পরীক্ষা হবে এই ঠিকানায় : Coast Guard Regional Headquarters (North East), Synthesis Business Park, 6th Floor, Shrachi Building, New Town Rajarhat, Kolkata - 700 161.

দরখাস্ত করবেন অনলাইনে, ১৮ নভেম্বর থেকে ৩০ নভেম্বরের মধ্যে। এই ওয়েবসাইটে : www.joincoastguard.gov.in অনলাইনে দরখাস্ত করার আগে বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এবার ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে Recruitment of Assistant Commandant (02/2019 Batch)'এ ক্লিক করে যে ব্রাঞ্চে দরখাস্ত করতে চান তা সিলেক্ট করুন। এবার যাবতীয় তথ্য দিয়ে 'সাবমিট' করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর ২ কপি প্রিন্ট করে নেবেন। ওই প্রিন্ট করা ফর্মে রেজিস্ট্রেশন নম্বর, পরীক্ষার তারিখ, স্থান ও সময় উল্লেখ থাকবে। প্রার্থী বাছাই পরীক্ষার দিন সঙ্গে নিয়ে যাবেন ওই ফর্মের ২টি কপি, বয়স, শিক্ষাগত যোগ্যতা, ক্যারেক্টার সার্টিফিকেট ও কাস্ট সার্টিফিকেটের প্রত্যয়িত নকল ও মূল কপি, ২ কপি পাশপোর্ট মাপের রঙিন ফটো (ফর্মের নির্দিষ্ট জায়গায় সাঁটবেন), এন.সি.সি. ও স্পোর্টস সার্টিফিকেটের মূল ও প্রত্যয়িত নকল।


100% বাঙালি খাবার Placement
GNM - 2.10 L
B.Sc - 3.50 L নার্সিং
Loan-এর সুবিধা
INC, KNC, RGUHS, MCI স্বীকৃত।
W.B ছেলে ও মেয়েদের
2500 বেডের Bapuji মেডিকেল ও নার্সিং কলেজে ডাইরেক্ট ভর্তি ও ট্রেনিং দিয়ে চাকরি।
SRISTI NURSING
H.O : 9051731474, 9051889696, 9748163775
ব্রাঞ্চ নিতে Call - 9163292000

ডিফেন্সে চাকরির জন্য পশ্চিমবঙ্গের সেরা ট্রেনিং প্রতিষ্ঠান।
প্রতিষ্ঠানে এসেই যাচাই করুন। তারপর ভর্তি হোন
কর্নেল'স্ ট্রেনিং সেন্টার
ARMY | NAVY | AIR FORCE | CAPF
ITBP (AT) | CDS | JCO-RT | MNS
Original Documents / Certificates জমা রাখা হয় না ও কোনো চুক্তি (Agreement) করা হয় না
দূরের ছেলেমেয়েদের জন্য মেসের ব্যবস্থা আছে
Ph. : (033) 2542 1016, 98300 23884, 98300 25595
বারাসাত, ৫নং প্লাটফর্মের কাছে, উত্তর ২৪ পরগণা

GNM, B.Sc. নার্সিং এ ভর্তি (ব্যাঙ্গালোর)
VISWA BHARATI TRUST
SRI SHARADA NURSING COLLEGE (B.Sc.)
VISWA BHARATI SCHOOL OF NURSING (G.N.M)
যোগ্যতা : H.S (35%-45%) যে কোন শাখার
100% LOAN & PLACEMENT HELPING
কেনো VISWA BHARATI TRUST
B.Ed, D.El.Ed (W.B)
1. কলেজে নিজস্ব হসপিটাল, 2. কলেজে 60%-80% রেজাল্ট 3. Special Spoken English Class, 4. বাঙালী খাবার 1 day Fish, 2 days Egg, 1 day Chicken
ঘোষ এডুকেশন সেন্টার
An ISO 9001:2015 Certified
H.O. : দমদম : 7797314385 / 9609440908
কামারপুকুর (আরামবাগ) : 7047093097
জলপাইগুড়ি : 9681176207

Last few seats : GNM, B.Sc. (Nursing)
MARUTI COLLEGE OF NURSING-BANGALORE
INC, KSNC, RGUHS রেকগনাইসড কলেজ, নিজস্ব মেডিঃ কলেজ, হসপিটাল। কোর্স শেষে পঃ বঃ নার্সিং কাউন্সিল-এ রেজিস্ট্রেশন ও 100% চাকরীর সুযোগ কর্পোরেট, সুপার স্পেশালিটি হসপিটাল পঃবঃ ও ব্যাঙ্গালোরে।
COORDINATOR [W.B.]- 9564818258, 8918863968






Paramayush
ডেলি আয় ₹ 700
ঘরে বসে বারো মাস বিভিন্ন রকম হাতের কাজ করে আয় করতে আগ্রহী পুরুষ/মহিলা নেওয়া হচ্ছে। বয়স/শিক্ষাগত যোগ্যতা/দূরত্ব বাধা নয়। যে কোন জায়গা থেকে মাসে মাত্র একবার যাতায়াত করে এই কাজ করতে পারবেন।
আগ্রহীরা সরাসরি অফিসে যোগাযোগ করে দেখে নিন কি ধরনের আইটেম বানাতে হবে। আমাদের আইটেমগুলি কোনরকম মেশিনপত্র/ইলেকট্রিসিটি ছাড়া খুব সহজে ঘরে বসে হাতে বানাতে পারবেন। প্রশিক্ষণ আমরা দিয়ে দেব। মেটিরিয়াল সহ অর্ডারও আমরা দেব। বাড়িতে বসে বানিয়ে তৈরী প্রোডাক্ট আমাদের অফিসে জমা দিতে হবে। আমরা মজুরি দেব। ডেলি ₹ 550 to ₹ 700 আয় সম্ভব।
এই কাজে যুক্ত হওয়ার জন্য আপনার এক কপি পাসপোর্ট ফটো, ভোটার কার্ড/আধার কার্ডের জেরক্স কপি লাগবে। নাম রেজিস্ট্রেশনের জন্য 150টাকা লাগবে। প্রশিক্ষণ নেওয়ার জন্য টিউশন ফি লাগবে না। অর্ডার নেওয়ার জন্য ডিপোজিট মানি লাগবে না। কিছু প্র্যাকটিস্ মেটিরিয়াল প্রয়োজন হবে যেগুলো নিজেদের কিনে নিতে হবে।
কোলকাতা ও দুর্গাপুর সেন্টারে 01.12.2018 তারিখের মধ্যে সরাসরি যোগাযোগ
পরমায়ুষ স্কিল ডেভলপমেন্ট সেন্টার
41C, রাজা রামমোহন রায় রোড, কোলকাতা - 700034
হাওড়া/শিয়ালদহ থেকে বেহালা চৌরাস্তাগামী বাসে, টালিগঞ্জ মেট্রো স্টেশন থেকে অটোতে, শিয়ালদহ থেকে বজবজ লোকালে মাঝেরহাট স্টেশনে নেমে অটো/বাসে বেহালা চৌরাস্তা স্টপেজে নেমে জেমস্ লঙ ক্রসিং-এ আসুন। বেহালা চৌরাস্তা জেমস্ লঙ ক্রসিং-এ একতাসংঘ ক্লাবের পাশে এয়ারটেল স্টোরের উপরে।
কোলকাতা অফিসে যোগাযোগের দিন ও সময় ঃ সোম থেকে শনি (11-5 টা) রবি বন্ধ।
দুর্গাপুর সেন্টার ঃ A-13, Abanindra Bithi, City Centre Durgapur-713216, (Non Company Housing Colony)
সিটি সেন্টার বিগবাজার থেকে সোজা এগিয়ে এসে চতুরঙ্গ মাঠের কাছে উদয়শঙ্কর মোড়ে।
দুর্গাপুর সেন্টারে যোগাযোগের দিন ও সময় ঃ মঙ্গল, বুধ, বৃহঃ, শনি 12-5 টা।
বিজ্ঞাপন

epaper1234.blogspot.com



# সাধারণ জ্ঞান

## সাম্প্রতিক ঘটনা

১। অসমীয়া গায়ক ও সঙ্গীত পরিচালক কিশোর গিরি (৬৩ বছর) কবে মারা যান — ২০১৮ সালের ৭ অক্টোবর।

২। ২০১৮ সালে 'হেনলে পাসপোর্ট ইনডেক্স'এ ভারতের স্থান কত — ৮১তম।

৩। মালয়লম কবি পালুর মাধবন নাম্বুথিরি (৮৬ বছর) কবে মারা যান — ২০১৮ সালের ৯ অক্টোবর।

৪। 'বিশ্ব মান দিবস' কবে পালিত হয় — ১৪ অক্টোবর।

৫। 'বিশ্ব খাদ্য দিবস' কবে পালিত হয় — ১৬ অক্টোবর।

৬। 'কল্যানী এইমস'এর অধিকর্তা এখন কে — ডাঃ কল্যানী ডেকা।

৭। ভারতের কোন রাজ্য সম্প্রতি কৃষিভিত্তিক বাস্তুতন্ত্র ও নিরন্তর খাদ্য সরবরাহ ব্যবস্থাকে প্রচারের জন্য রাষ্ট্রসঙ্ঘের 'ফুড অ্যান্ড এগ্রিকালচার অর্গানাইজেশন'এর (ফাও) 'অস্কার ফর বেস্ট পলিসিস' পুরস্কার পেল — সিকিম।

৮। ভারতের কোন রাজ্য সরকার সম্প্রতি মদ খেয়ে গাড়ি দুর্ঘটনা কমাতে এবার দেশি ও বিদেশি মদ ই-কমার্সের মাধ্যমে বাড়িতে ডেলিভারি দেওয়ার সিদ্ধান্ত নিল — মহারাষ্ট্র সরকার (অনলাইনে বয়সের প্রমাণপত্র দিয়ে ২৫ উর্ধ্বরা বাড়িতে বসে মদের অর্ডার দিতে পারবেন)।

৯। হিন্দুস্তানি ধ্রুপদী সঙ্গীতের মাইহার ঘরানার বিশ্বশ্রুত শিল্পী ও রবিশঙ্করের প্রাক্তন স্ত্রী অন্নপূর্ণা দেবী (৯১ বছর) কবে মারা যান — ২০১৮ সালের ১৩ অক্টোবর।

১০। 'The Paradoxical Prime Minister : Narendra Modi And



His India' বইটির লেখক কে — শশী থারুর।

১১। কোন দেশ সম্প্রতি বিশ্বের দ্রুততম ট্রেন চালানোর সিদ্ধান্ত নিল — চিন (গতিবেগ ঘণ্টায় ১,০০০ কিলোমিটার। ট্রেনটি মাটি থেকে ১০০ মিলিমিটার ওপর দিয়ে যাবে। চৌম্বক প্রযুক্তিতে রেল লাইন ও ট্রেনের মধ্যে থাকবে সামান্য ফাঁক। মার্কিন যুক্তরাষ্ট্রের এক সংস্থার সঙ্গে যৌথভাবে এই ট্রেন আনছে চিন)।

১২। কোন দেশ সম্প্রতি রাষ্ট্রপুঞ্জের মানবাধিকার কমিশনে ৩ বছরের জন্য নির্বাচিত হল — ভারত (২০১৯ সালের ১ জানুয়ারি থেকে ৩ বছরের জন্য সদস্যপদ থাকছে ভারতের। এশিয়া-প্যাসিফিক ক্যাটেগরিতে ১৮৮ টি ভোট পেয়ে নির্বাচিত হয়েছে ভারত)।

১৩। ২০১৮ সালে 'হৃদয়নাথ পুরস্কার'এ কে 'জীবনকৃতি সম্মান'



পেলেন — জাতীয় পুরস্কারপ্রাপ্ত ভারতীয় সঙ্গীত পরিচালক মহম্মদ জহুর খৈয়াম।

১৪। অনশনরত অবস্থাতেই হৃদরোগে আক্রান্ত হয়ে প্রবীণ পরিবেশকর্মী স্বামী জ্ঞান স্বরূপ সানন্দ (৮৬ বছর) কবে মারা যান — ২০১৮ সালের ১১ অক্টোবর (গঙ্গার পরিচ্ছন্নতার দাবিতে আমরণ অনশনে ছিলেন তিনি)।

১৫। কোন দেশ সম্প্রতি বিশ্বে এই প্রথম আত্মহত্যা প্রতিরোধী মন্ত্রী নিয়োগ করে নতুন নজির গড়ল — ব্রিটেন (পদটির আনুষ্ঠানিক নাম 'ফার্স্ট মিনিস্টার ফর সুইসাইড প্রিভেনশন'। ১০ অক্টোবর 'বিশ্ব মানসিক স্বাস্থ্য দিবস' উপলক্ষ্যে এই নতুন পদে জ্যাকি ডয়লে প্রিস'কে মন্ত্রী হিসাবে নিয়োগ করলেন ব্রিটিশ প্রধানমন্ত্রী টেরেসা মে)।

১৬। 'বিশ্ব ট্রমা দিবস' কবে পালিত হয় — ১৭ অক্টোবর।

১৭। ২০১৮ সালে ১২তম 'এশিয়া-ইউরোপ বৈঠক'এর থিম কী ছিল — গ্লোবাল পার্টনার্স ফর গ্লোবাল চ্যালেঞ্জেস।

১৮। ২০১৮ সালে ফিকশনের জন্য কে 'ম্যান বুকার পুরস্কার' পেলেন — আইরিশ লেখিকা আন্না বার্নস (তাঁর লেখা 'মিল্কম্যান' উপন্যাসের জন্য)।

১৯। ২০১৮ সালে 'ওয়ার্ল্ড ইকনোমিক ফোরাম'এর (WEF) 'গ্লোবাল কম্পিটিটিভনেস ইনডেক্স'এ (GCI) ভারতের স্থান কত — ৫৮।

২০। 'বিশ্ব ছাত্র দিবস' কবে পালিত হয় — ১৫ অক্টোবর।

২১। 'ভারতীয় মিউচ্যুয়াল ফান্ড অ্যাসোসিয়েশন'এর (AMFI) চেয়ারম্যান এখন কে — নিমেশ শাহ।

২২। 'স্বাস্থ্য ভারত যাত্রা' জাতীয় প্রচারাভিযান কী উদ্দেশ্যে চালু করা হয়েছে — নিরাপদ খাদ্য।

২৩। 'আন্তর্জাতিক দারিদ্র্য দুরীকরণ দিবস' কবে পালিত হয় — ১৭ অক্টোবর।

২৪। ২০১৮ সালে 'আন্তর্জাতিক দারিদ্র্য দুরীকরণ দিবস'এর থিম কী ছিল — কামিং টুগেদার উইথ দোজ ফার্দেস্ট বিহাইন্ড টু বিল্ড অ্যান ইনক্লুসিভ ওয়ার্ল্ড অফ ইউনিভার্সাল রেসপেক্ট ফর হিউম্যান রাইটস অ্যান্ড ডিগনিটি।

২৫। উত্তর প্রদেশের শহর এলাহাবাদের নতুন নাম কী — প্রয়াগরাজ।

২৬। সম্প্রতি রাশিয়ার সঙ্গে ৩০ বছরের পুরনো ঐতিহাসিক চুক্তি বাতিল করার সিদ্ধান্ত নিলেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। চুক্তিটির নাম কী — 'ইন্টারমিডিয়েট-রেঞ্জ নিউক্লিয়র ফোর্সেস' (INF)।

২৭। ভুটানের নতুন প্রধানমন্ত্রী কে, হলেন — ডাঃ লোটে শেরিং।

২৮। ভারতের কোন রাজ্যের কোন শহরে সম্প্রতি দশেরা উপলক্ষ্যে রাবণের কুশপুতুল পোড়ানোর অনুষ্ঠান চলার সময় সন্ধ্যেবেলা ট্রেনের ধাক্কায় কমপক্ষে ৬২ জন মারা গেলেন — পঞ্জাবের অমৃতসর শহর।

## খেলাধুলা

২৯। ২০১৮ সালে 'জাপান গ্র্যান্ড প্রিক্স'এ কে চ্যাম্পিয়ন হলেন — ব্রিটিশ রেসিং ড্রাইভার লুইস কার্ল ডেভিডসন হ্যামিল্টন।

৩০। ২০১৮ সালে 'সাংহাই মাস্টার্স টেনিস'এ পুরুষদের সিঙ্গলসে কে



চ্যাম্পিয়ন হলেন — সার্বিয়ান টেনিস তারকা নোভাক জকোভিচ (ক্রোয়েশিয়ার বোরনা করিচকে ৬-৩ ও ৬-৪ ব্যবধানে হারিয়ে)।

৩১। কে সম্প্রতি রাজকোটে ওয়েস্ট ইন্ডিজের বিরুদ্ধে অভিষেক টেস্টে দ্বিতীয় কনিষ্ঠতম ভারতীয় হিসাবে শতরান পূর্ণ করলেন — মুম্বইয়ের তরুণ ব্যাটসম্যান পৃথ্বী সাউ (এদিন ৯৯ বলে শতরান হাঁকালেন তিনি। ১৭ বছর ১০৭ দিন বয়সে শচীন তেন্ডুলকর ম্যাঞ্চেস্টারে টেস্ট অভিষেকে শতরান করেছিলেন ১৯৯০ সালের ইংল্যান্ডের বিরুদ্ধে (১১৯)। পৃথ্বীর বয়স এখন ১৮ বছর ৩২৯ দিন)।

৩২। ২০১৮ সালে 'ইউরোপীয় ফর্মুলা থ্রি চ্যাম্পিয়নশিপ'এ কে চ্যাম্পিয়ন হলেন — জার্মান রেসিং ড্রাইভার তথা মাইকেল শুমাখারের ছেলে মাইক শুমাখার।

৩৩। ২০১৮ সালে 'যুব অলিম্পিক'এ মহিলাদের হকিতে কোন দল সোনার পদক পেল — আর্জেন্তিনা (ভারতকে ১-৩ ব্যবধানে হারিয়ে)।

৩৪। ২০১৮ সালে 'যুব অলিম্পিক'এ পুরুষদের হকিতে কোন দল সোনার পদক পেল — মালয়েশিয়া (ভারতকে ২-৪ গোলে হারিয়ে)।

৩৫। ২০১৮ সালে 'সান্টো ডোমিঙ্গো ওপন'এ পুরুষদের ডাবলসে কোন জুটি চ্যাম্পিয়ন হলেন — ভারতের লিয়েন্ডার আদ্রিয়ান পেজ ও মেক্সিকোর মিগুয়েল অ্যাঞ্জেল রিয়েস ভারেলা জুটি (উরুগুয়ের এরিয়েল বেহার ও ইকুয়েডরের রবার্তো কুইরোজ জুটিকে ৪-৬, ৬-৩ ও ১০-৫ ব্যবধানে হারিয়ে)।

৩৬। ২০১৮ সালে জাকার্তায় 'প্যারা এশিয়ান গেমস'এ পুরুষদের হাই



জাম্পের টি ৪২/৬৩ বিভাগে কে সোনার পদক পেলেন — ভারতের শারদ কুমার (১.৯০ মিটার লাফিয়ে)।

৩৭। ২০১৮ সালে 'তিয়ানজিন ওপন'এ মহিলাদের সিঙ্গলসে কে চ্যাম্পিয়ন হলেন — ফ্রান্সের ক্যারোলিন গার্সিয়া (চেক প্রজাতন্ত্রের ক্যারোলিন প্লিসকোভাকে ৭-৬ (৯-৭) ও ৬-৩ ব্যবধানে হারিয়ে)।

৩৮। ২০১৮ সালে 'অনূর্ধ্ব-১৮ সুলতান অফ জোহর কাপ'এ ভারতীয় হকি দল কোন পদক পেল — রুপোর পদক (গ্রেট ব্রিটেনের কাছে ২-৩ গোলে হেরে)।

৩৯। কে সম্প্রতি অধিনায়ক হিসাবে এশিয়া মহাদেশের মধ্যে সবথেকে বেশি রান করার নজির গড়লেন — ভারতীয় ক্রিকেট দলের অধিনায়ক বিরাট কোহলি (এতদিন এই নজির ছিল প্রাক্তন পাক-ই-স্তানি অধিনায়ক মিসবা উল হকের ঝুলিতে। অধিনায়ক হিসাবে ৪২ ম্যাচে ৪,২৩৩ রান করেছেন বিরাট। অন্যদিকে, ৫৬ ম্যাচ খেলে ৪,২১৪ রান রয়েছে মিসবার দখলে)।

## সাধারণ বিজ্ঞান

৪০। 'ব্যারোমিটার' কে আবিষ্কার করেন



— এভানগেলিস্টা টরিসেলী।

৪১। কোশের কোন কোশ বিভাজনকে 'হ্রাস বিভাজন' বলে — মায়োসিস।

৪২। জার্মান সিলভারের উপাদান কী কী — তামা, দস্তা ও নিকেল।

৪৩। উড়োজাহাজের উত্থান কোন নীতির ওপর নির্ভর করে হয় — বার্ণোলীর নীতি।

৪৪। স্ত্রী কণ্ঠস্বর, পুরুষ কণ্ঠস্বরের থেকে তীক্ষ্ণ হয় কেন — উচ্চ কম্পাঙ্কের জন্য।

৪৫। পেট্রোলের রাসায়নিক নাম কী — গ্যাসোলিন।

৪৬। কয়লার অসম্পূর্ণ দহনে কী তৈরি হয় — কার্বন মনোক্সাইড।

৪৭। কাপড় কাচার সোডার রাসায়নিক নাম কী — সোডিয়াম কার্বনেট।

৪৮। নাইক্রোম ও জার্মান সিলভার সংকর ধাতুতে কোন মৌলটি থাকবেই — নিকেল।

৪৯। 'পৃথিবী নিজে একটি চুম্বক' এই কথাটি প্রথম কে বলেন — গিলবার্ট।

৫০। শব্দ রেকর্ড করার জন্য ব্যবহৃত যন্ত্রের নাম কী — ফেনোগ্রাফি।

৫১। মার্স গ্যাসে কী থাকে — মিথেন।

৫২। ক্লোরোফিলের প্রধান উপাদান কী — ম্যাগনেশিয়াম।

৫৩। আবহাওয়াবিদদের বেলুন কোন গ্যাসের মাধ্যমে ভরতি করা হয় — হিলিয়াম।

৫৪। কোন ফ্লুরিন যৌগ রেফ্রিজারেটরে শীতলকারক উপাদান হিসাবে ব্যবহৃত হয় — ফ্রেয়ন।

৫৫। ভারী জল কী উদ্দেশ্যে ব্যবহৃত হয় — পারমাণবিক চুল্লিতে নিউট্রনের গতি হ্রাস করতে।

৫৬। কোন ভিটামিনের অভাবে 'স্কার্ভি' রোগ হয় — ভিটামিন সি।

৫৭। ডায়াবেটিস রোগে মানব শরীরের কোন অঙ্গ আক্রান্ত হয় — প্লীহা।

৫৮। সোনার অলঙ্কার তৈরির সময় সোনার সঙ্গে খাদ হিসাবে কী মেশানো হয় — তামা।

৫৯। রসায়নাগারে তৈরি প্রথম জৈব যৌগটির নাম কী — ইউরিয়া।

## ইতিহাস

৬০। আকবরের প্রধানমন্ত্রীকে কী বলা হত — ভকিল।

৬১। জাহাঙ্গীরের রাজত্বকালে কোন ইংরেজ দূত ভারতে আসেন — উইলিয়াম হকিন্স।

৬২। কোন সন্ধির জন্য ইঙ্গ-মারাঠা যুদ্ধের সূচনা হয় — সুরাত সন্ধি।

৬৩। মোগল আমলে কে অথর্ববেদের অনুবাদ করেন — হাজি ইব্রাহিম।

৬৪। আকবর কাকে 'কবিপ্রিয়' উপাধি দিয়েছিলেন — বীরবল।

৬৫। স্বামী দয়ানন্দ সরস্বতী ১৮৭৫ সালে রাজকোটে কোন প্রতিষ্ঠান স্থাপন করেন — আর্যসমাজ।

৬৬। 'গণপতি উৎসব' ও 'শিবাজী উৎসব'এর প্রবক্তা কে — বালগঙ্গাধর তিলক।

৬৭। অমৃতসরের স্বর্ণমন্দির কোন শিখ গুরুর সময় নির্মিত হয় — গুরু রামদাস।

৬৮। ভক্তিবাদের সাধক কবীরের গুরু কে ছিলেন — রামানন্দ।

৬৯। কোন বিখ্যাত সুফী সন্ত আলা-উদ-দ্বীন খলজীর আনুকূল্য লাভ করেছিলেন — নিজাম-উদ-দ্বীন আউলিয়া।

৭০। গিয়াস-উদ-দ্বীন বলবনের আদি নাম কী ছিল — বাহা-উদ-দ্বীন।

৭১। 'দিলওয়াড়া মন্দির' কোথায় আছে



— রাজস্থানের আবু পাহাড়ে।

৭২। আইহোলের বিষ্ণু মন্দির কোন যুগের স্থাপত্যের নিদর্শন — চালুক্য।

৭৩। গুজরাতের সোমনাথ মন্দির কে লুণ্ঠন করেছিলেন — মামুদ।

৭৪। ব্রঞ্জ নির্মিত নটরাজের মূর্তি কোন শিল্পের নিদর্শন — চোল।

৭৫। প্রথম কোন ভারতীয় রাজা সুলতান মামুদকে বাধা দিয়েছিলেন — জয়পাল।

৭৬। সুলতান মামুদ কতবার ভারত



আক্রমণ করেছিলেন — ১৭ বার।

৭৭। গুপ্ত যুগে 'ন্যায় সূত্র' কে রচনা করেছিলেন — পক্ষিল স্বামিন।

৭৮। চন্দ্রগুপ্তের মায়ের নাম কী ছিল — মুরা।

৭৯। বিম্বিসারের উপাধি কী ছিল — শ্রেণিক।

## ভূগোল

৮০। 'পূর্ণা' কোন নদীর উপনদী — তাপ্তি।

৮১। কোন রাজ্যকে 'ভারতের শস্যাগার' বলে — পঞ্জাব।

৮২। 'গম্ভীরা' পশ্চিমবঙ্গের কোন জেলার লোক উৎসব — মালদহ।

৮৩। কোন নদীর ব-দ্বীপ পাখির পায়ের মতো — কৃষ্ণা।

৮৪। 'নাগা পর্বত'এর সর্বোচ্চ শৃঙ্গের নাম কী — সারামতী।

৮৫। ভারতের কোন রাজ্যে সবথেকে বেশি জিপসাম পাওয়া যায় — রাজস্থান।

৮৬। আঙ্কলেশ্বর জায়গাটি কোন খনিজের জন্য বিখ্যাত — খনিজ তেল।

৮৭। 'সিলিমিনাইট আকরিক' ভারতের কোন রাজ্যে পাওয়া যায় — মেঘালয়।

৮৮। ভারতের কোন উপকূলে বছরে দু'বার বৃষ্টিপাত হয় — করমণ্ডল উপকূল।

৮৯। 'হাম্পি' শহরটি কোন নদীর তীরে আছে — তুঙ্গভদ্রা।

৯০। তিস্তা নদীর ডান তীরের সমভূমি কী নামে পরিচিত — তরাই।

৯১। কাঁসাই ও কেলেঘাই নদী মিলিত হয়ে যে নদীর সৃষ্টি হয়েছে, তার নাম কী — হলদি।

৯২। নীলগিরি পাহাড় কোন পর্বতশ্রেণির অংশ — পশ্চিমঘাট।

৯৩। 'কাকড়াপাড়া প্রকল্প' কোন নদীর ওপর অবস্থিত — তাপ্তি।

৯৪। 'হিন্দুস্তান কেবল ফ্যাক্টরি' কোথায় আছে — রূপনারায়ণপুর।

৯৫। কোন নদী 'দক্ষিণ গঙ্গা' নামে পরিচিত — গোদাবরী।

৯৬। 'গণ্ডোয়ানা কয়লাক্ষেত্র' ভারতের কোন রাজ্যে আছে — মধ্য প্রদেশ।

৯৭। ভারতে কোন লেকের জল সবথেকে বেশি লবণাক্ত — সম্বর।

৯৮। নর্মদা ও তাপ্তি নদীর মাঝখানে কোন পর্বত আছে — সাতপুরা।

৯৯। ক্রান্তীয় আর্দ্র চিরহরিৎ বনভূমিতে কোন উদ্ভিদ দেখা যায় না — শাল।

সঙ্কলক : পলি দেওয়ান

epaper1234.blogspot.com

## ভারত পেট্রোলিয়মে

১ পাতার পর

শিল্পে ১ বছরের অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং করে থাকলে ভালো হয়। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ১১,৫০০-২০,০০০ টাকা। শূন্যপদ : ৬৩টি।

**জেনারেল ওয়ার্কম্যান - B (ট্রেনি) -মেকানিক্যাল :** মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের প্রথম শ্রেণির ডিপ্লোমা কোর্স পাশরা মোট অন্তত ৬০% (তপশিলী, বধির প্রতিবন্ধী ও অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী হলে ৫০% ) নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। রিফাইনারি, পেট্রোলিয়াম, পাওয়ার, কেমিক্যাল, লিউব, পেট্রোকেমিক্যাল, ফার্টিলাইজার শিল্পে ১ বছরের পোস্ট কোয়ালিফিকেশন অভিজ্ঞতা বা, রিফাইনারি, পেট্রোলিয়াম, পাওয়ার, কেমিক্যাল, লিউব, পেট্রোকেমিক্যাল / ফার্টিলাইজার শিল্পে ১ বছরেরঅ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং করে থাকলে ভালো হয়। বয়স ও মাইনে ওপরের মতো। শূন্যপদ : ৩২টি।

**জেনারেল ওয়ার্কম্যান - B (ট্রেনি) -ইলেক্ট্রিক্যাল :** ইলেক্ট্রিক্যাল বা, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের প্রথম শ্রেণির ডিপ্লোমা কোর্স পাশরা মোট অন্তত ৬০% (তপশিলী, বধির প্রতিবন্ধী ও অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী হলে ৫০% ) নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। রিফাইনারি, পেট্রোলিয়াম, পাওয়ার, কেমিক্যাল, লিউব, পেট্রোকেমিক্যাল, ফার্টিলাইজার শিল্পে ১ বছরের পোস্ট কোয়ালিফিকেশন অভিজ্ঞতা বা, রিফাইনারি, পেট্রোলিয়াম, পাওয়ার, কেমিক্যাল, লিউব, পেট্রোকেমিক্যাল / ফার্টিলাইজার শিল্পে ১ বছরের অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং করে থাকলে ভালো হয়। বয়স ও মাইনে ওপরের মতো। শূন্যপদ : ১০টি।

**জেনারেল ওয়ার্কম্যান - B (ট্রেনি) - ইন্সট্রুমেন্টেশন :** ইন্সট্রুমেন্ট টেকনোলজি, ইন্সট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিংয়ের প্রথম শ্রেণির ডিপ্লোমা কোর্স পাশরা মোট অন্তত ৬০% (তপশিলী, বধির প্রতিবন্ধী ও অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী হলে ৫০% ) নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। রিফাইনারি, পেট্রোলিয়াম, পাওয়ার, কেমিক্যাল, লিউব, পেট্রোকেমিক্যাল, ফার্টিলাইজার শিল্পে ১ বছরের পোস্ট কোয়ালিফিকেশন অভিজ্ঞতা বা, রিফাইনারি, পেট্রোলিয়াম, পাওয়ার, কেমিক্যাল, লিউব, পেট্রোকেমিক্যাল / ফার্টিলাইজার শিল্পে ১ বছরের অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং করে থাকলে ভালো হয়। বয়স ও মাইনে ওপরের মতো। শূন্যপদ : ১৭টি।

ওপরের সব পদের বেলায় বয়স হতে হবে ১-১০-২০১৮'র হিসাবে। তপশিলী, ও.বি.সি., প্রতিবন্ধীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষা বা, ইন্টারভিউয়ের মাধ্যমে। পরীক্ষা হবে কোচিতে। এই পরীক্ষায় থাকবে কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড, রিজনিং এবিলিটি, জেনারেল অ্যাওয়ারনেস, বেসিক ইংলিশ ল্যাঙ্গোয়েজ স্কিল -সহ টেকনিক্যাল বিষয়ে। সফল হলে এরপর হবে স্কিল টেস্ট।

দরখাস্ত করবেন অনলাইনে, ১২ নভেম্বর থেকে ২৬ নভেম্বরের মধ্যে। এই ওয়েবসাইটে : www.bharatpetroleum.com এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাসপোর্ট মাপের ফটো (৫০ কেবির মধ্যে) স্ক্যান করে নেবেন। তারপর ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে আর ফটো আপলোড করে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তখন সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওপরের ওই ওয়েবসাইটে।

GRAND SUCCESS IN (ALP + TECH) CBT - 1 EXAM
পশ্চিমবঙ্গ ও বাইরের রাজ্যের বহু ছাত্রছাত্রী itee থেকে প্রশিক্ষণ নিয়ে CBT - 1 পরীক্ষায় আকাশছোঁয়া সাফল্য দিয়েছে। 200 + ছাত্রছাত্রী itee থেকে সাফল্য পেয়েছে। সত্যতা যাচাই করতে আমাদের প্রতিষ্ঠানে একবার আসুন।
CBT - 2এর জন্য পুনরায় নতুন স্পেশাল ব্যাচ শুরু হচ্ছে। Tradewise পৃথক পৃথক শিক্ষকমণ্ডলী (Govt I.T.I কলেজের Lecturer & RAIL -এ কর্মরত) দ্বারা প্রশিক্ষণ। CLASSROOM COACHING + STUDY MAT + ONLINE MOCK TEST
R.R.B (JE + SSE) এর Special Batch -এ ভর্তি চলছে।
B.TECH, DIPLOMA & I.T.I পাশ student দের সরকারি চাকরির প্রশিক্ষণ [SAIL, DCL, TCL, PDCL, DRDO, KMC, KMDA, BSNL, PSC & SSC JE ইত্যাদি ]
itee -এর সাফল্য লক্ষ্য করুন www.iteeonlineportal.com -এ
মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক ও গ্র্যাজুয়েট পাশ student দের সরকারি চাকরির প্রশিক্ষণ [FOOD INSPECTOR, RPF, WBP, KP, COURT, CLERK ইত্যাদি]
itee দমদম - 9830859046 বারাসাত - 9804820827

মাটি পরীক্ষার ট্রেনিং
কৃষি জমির মাটি পরীক্ষা শিখে স্বনির্ভর হোন। 15 দিনের কোর্স। শিক্ষান্তে মাটি পরীক্ষার সরঞ্জাম প্রত্যেককে দেওয়া হবে। কোর্স ফি 4,800/-। যোগ্যতা যে কোনো শাখার স্নাতক। অনলাইন অ্যাপ্লিকেশন ও টাকা জমা দেওয়ার শেষ দিন 12.11.2018. যোগাযোগ : সেফ, ফোন- 9231010500, ওয়েবসাইট : www.safe.webnode.in
বিজ্ঞাপন

একচান্সে পাশ
মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক, গ্র্যাজুয়েট, বি.এড., ডি.ই.ইডি, এল.এল.বি., ডি.ফার্মা, বি.ফার্মা, নার্সিং পাশ করার জন্য যোগাযোগ করুন :
9830812864
9804455110

I.R.M.A অনুমোদিত বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO) দ্বারা অনুমোদন প্রাপ্ত অ্যালোপ্যাথি ঔষধের ওপর স্বাস্থ্য পরিষেবার জন্য C.M.S and E.D.T (কমিউনিটি মেডিক্যাল সার্ভিস ও এসেন্সিয়াল ড্রাগ ট্রেনিং) কোর্সে ভর্তি চলছে।
শান্তিদেবী বিদ্যানিকেতন
বড় চাঁদঘর, পলাশী, নদীয়া
9733638357

LL.B. (3 years)
2½ (আড়াই বছরে) শেষ করার শেষ সুযোগ। যোগ্যতা স্নাতক।
N.I.O.S এবং অন্যান্য স্বীকৃত BOARD থেকে মাধ্যমিক / উচ্চমাধ্যমিক পাশ করুন।
B.A. / B.Sc. / B.Com. / M.A. / M.Sc. / B.B.A. / B.C.A. / M.B.A. / M.C.A. / B.Lib. / B.Ed. / Ph.D. যেকোন কোর্সে পাশ করুন। নিশ্চিত সাফল্য।
Future Academy
City Centre, Durgapur
9476470958

### WEST BENGAL STATE WAREHOUSING CORPORATION

**RECRUITMENT NOTICE**

WBSWC is going to engage 10 (Ten) Nos. Clerk cum D.E.O. on purely contractual and temporary basis for an initial period of one year only. For detailed terms and conditions, please log on to http://warehousingwb.com/recruitment. Addition, alteration, rectification, corrigendum, if any, will be published in the aforesaid website only. **Closing date for submission of application: 25.11.2018.**

Sd/-
Managing Director, WBSWC

### WEST BENGAL STATE WAREHOUSING CORPORATION

**RECRUITMENT NOTICE**

WBSWC is going to engage 53 (Fifty three) Superintendents/ Godown-in-charges for WBSWC managed godowns across West Bengal on purely contractual basis for an initial period of one year only. For detailed terms and conditions, please log on to http://warehousingwb.com/recruitment. Addition, alteration, rectification, corrigendum, if any, will be published in the aforesaid website only. **Closing date for submission of application: 25.11.2018.**

Sd/-
Managing Director, WBSWC

আর্মির শিলিগুড়ি, হলদিয়া ও ব্যারাকপুর র‍্যালির জি.ডি., ট্রেডসম্যান, টেকনিক্যাল, ক্লার্ক ও নার্সিং অ্যাসিস্ট্যান্ট
লিখিত পরীক্ষার প্রস্তুতির জন্য ভর্তি চলছে (পরবর্তী ব্যাচ ১০, ১৫, ১৯, ২৩, ২৭ ও ৩০ নভেম্বর ২০১৮)
INDIAN FORCE ACADEMY™
আর্মি র‍্যালির G.D., TDN., CLERK, TECH., NURSING ASST. ক্যাটাগরিতে মেডিক্যাল ফিট ছেলেদের ইতিমধ্যেই ক্লাস শুরু হয়ে গিয়েছে। ভবিষ্যতে যারা রি-মেডিক্যালে ফিট হবেন তাঁরাও পরবর্তী ব্যাচে ভর্তি হতে পারবেন। যেসব প্রার্থী লিখিত পরীক্ষায় বারবার অসফল হচ্ছেন, কোনো প্রলোভনে পা না দিয়ে সঠিক গাইডেন্স নিয়ে একচান্সে নিশ্চিত সাফল্য পেতে সত্ত্বর যোগাযোগ করুন। আসন সংখ্যা সীমিত। আগ্রহী প্রার্থীরা ক্লাসে ভর্তি হতে আর দেরী করবেন না। বহিরাগত ছেলেমেয়েদের পৃথক মনোরম পরিবেশে থাকা খাওয়া সহ পড়াশোনার সুব্যবস্থা আছে।
৮ বাহিনী RPF FOOD
শিক্ষক আহমেদ আলি খান
সুযোগ সুবিধা : ১) অভিজ্ঞ ট্রেনার দ্বারা মাঠের অনুশীলন। ২) কম্পিউটার প্রিন্টেড ইংরেজি ও বাংলা ভাষায় কমনযোগ্য স্টাডি মেটেরিয়ালস। ৩) প্রতিদিন ৩টি করে সপ্তাহে ৬ দিন ক্লাস। ৪) বিষয়ভিত্তিক পৃথক ক্লাসের ব্যবস্থা ও সিলেবাস অনুযায়ী পড়াশোনা। ৫) সাপ্তাহিক মক টেস্ট এবং ক্লাস টেস্ট। ৬) অঙ্ক এবং ইংরেজিতে দুর্বল ছাত্রদের হাতে-কলমে শিখিয়ে নেওয়ার ব্যবস্থা। ✸ অন্যান্য রাজ্যের ARO-এর লিখিত পরীক্ষার প্রস্তুতির জন্য ভর্তি চলছে।
পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলা থেকে বিগত র‍্যালিতে আর্মির বিভিন্ন পদে আইফার সফল প্রার্থীদের মধ্যে কয়েকজন, স্থানাভাবে আরো অনেক সফল প্রার্থীদের ছবি প্রকাশ করা গেল না।




HEAD OFFICE : 454, P.K. Guha Road Airport Gate-1, Kolkata-700 028 (Near Welcome Club) M: 9836635555
SILIGURI : Medical More Near Shiv Mandir, Darjeeling M: 7890009672
CAMPUS 9831234235 | BURDWAN 7890033388 | GARIA 8420919765

epaper1234.blogspot.com



## ডব্লু.বি.সি.এস পরীক্ষার

১ পাতার পর

অফিসার', 'কারেকশনাল সার্ভিসের চীফ কন্ট্রোলার অফিসার, 'কো-অপারেটিভ সোসাইটির ইন্সপেক্টর', 'পঞ্চায়েতের এক্সটেনশন অফিসার', 'পঞ্চায়েত ডেভেলপমেন্ট অফিসার' ও 'রি-হ্যাবিলিটেশন অফিসার' পদে কয়েকশো ছেলেমেয়ে নেওয়ার জন্য ২০১৯ সালের ডব্লু.বি.সি.এস. পরীক্ষার দরখাস্ত নেওয়া শুরু হয়েছে।

কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে 'এ', 'সি' গ্রুপের বেলায় ২১ থেকে ৩৬ বছরের মধ্যে অর্থাৎ, জন্ম-তারিখ হতে হবে ২-১-১৯৮৩ থেকে ১-১-১৯৯৮'এর মধ্যে। আর 'বি' গ্রুপের বেলায় ২০ থেকে ৩৬ বছরের মধ্যে অর্থাৎ, জন্ম-তারিখ হতে হবে ২-১-১৯৮৩ থেকে ১-১-১৯৯৯'এর মধ্যে 'ডি' গ্রুপের বেলায় ২১ থেকে ৩৯ বছরের মধ্যে অর্থাৎ, জন্ম-তারিখ হতে হবে ২-১-১৯৮০ থেকে ১-১-১৯৯৮'এর মধ্যে। সব ক্ষেত্রেই বয়স গুণতে হবে ১-১-২০১৯' এর হিসাবে।

পশ্চিমবঙ্গের তপশিলী সম্প্রদায়ের প্রার্থীরা ৫ বছর, ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর ও দৈহিক প্রতিবন্ধীরা (৪০% বা, তার বেশি প্রতিবন্ধকতা থাকলে) যথারীতি বয়সে ছাড় পাবেন। পশ্চিমবঙ্গ ছাড়া অন্যান্য রাজ্যের ও.বি.সি. ও তপশিলী সম্প্রদায়ের ছেলেমেয়েরা বয়সে কোনো ছাড় পাবেন না। তবে তাঁরা 'সাধারণ প্রার্থী' হিসাবে আবেদন করতে পারবেন। বাংলা ভাষায় লিখতে, পড়তে ও বলতে পারা দরকার। তবে দার্জিলিং জেলার পার্বত্য এলাকার প্রার্থীদের বেলায় নেপালী ভাষায় লিখতে, পড়তে ও বলতে পারা দরকার। এই পদের বিজ্ঞপ্তি নং : 29/2018.

ডব্লু.বি.সি.এস. পরীক্ষার মাধ্যমে চাকরি হয় এই ৪টি গ্রুপে : গ্রুপ-এ, গ্রুপ-বি, গ্রুপ-সি ও গ্রুপ-ডি। শুধুমাত্র 'গ্রুপ-বি' পদের বেলায় শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ছেলেদের ক্ষেত্রে ১.৬৫ মিটার ও মেয়েদের ক্ষেত্রে ১.৫০ মিটার। অন্যান্য গ্রুপের বেলায় শরীরের মাপজোখের কোনো কড়াকড়ি নেই। **কোন গ্রুপে কোন পদে চাকরি ও মূল মাইনে :**

'এ' গ্রুপে আছে এইসব পদ :

(১) ওয়েস্ট বেঙ্গল সিভিল সার্ভিস (এক্সি)। মূল মাইনে : ১৫,৬০০-৪২,০০০ টাকা। গ্রেড পে ৫,৪০০ টাকা। (২) ওয়েস্ট বেঙ্গল রেভেনিউ সার্ভিস। মূল মাইনে : ১৫,৬০০-৪২,০০০ টাকা। গ্রেড পে ৫,৪০০ টাকা। (৩) ওয়েস্ট বেঙ্গল কো-অপারেটিভ সার্ভিস। মূল মাইনে : ১৫,৬০০-৪২,০০০ টাকা। গ্রেড পে ৫,৪০০ টাকা। (৪) ওয়েস্ট বেঙ্গল লেবার সার্ভিস। মূল মাইনে : ১৫,৬০০-৪২,০০০ টাকা। গ্রেড পে ৫,৪০০ টাকা। (৫) ওয়েস্ট বেঙ্গল ফুড অ্যান্ড সাপ্লাই সার্ভিস। মূল মাইনে : ১৫,৬০০-৪২,০০০ টাকা। গ্রেড পে ৫,৪০০ টাকা। (৬) ওয়েস্ট বেঙ্গল এমপ্লয়মেন্ট সার্ভিস (এমপ্লয়মেন্ট অফিসার-টেকনিক্যাল পদ ছাড়া)। মূল মাইনে : ১৫,৬০০-৪২,০০০ টাকা। গ্রেড পে ৫,৪০০ টাকা।

ওপরের সব পদের বেলায় শুরুতে মাইনে : ২১,০০০ টাকা।

**'বি' গ্রুপে নেওয়া হবে এই পদে ও মূল মাইনে :**

(১) ওয়েস্ট বেঙ্গল পুলিশ সার্ভিস। মূল মাইনে : ১৫,৬০০-৪২,০০০ টাকা। গ্রেড পে ৫,৪০০ টাকা। শুরুতে মাইনে ২১,০০০ টাকা।

**'সি' গ্রুপে নেওয়া হবে এইসব পদে ও মূল মাইনে:**

(১) সুপারিন্টেন্ডেন্ট, ডিস্ট্রিক্ট কারেকশনাল হোম / ডেপুটি সুপারিন্টেন্ডেন্ট, সেন্ট্রাল কারেশনাল হোম। মূল মাইনে : ৯,০০০-৪০,৫০০ টাকা। গ্রেড পে ৪,৮০০ টাকা। শুরুতে মাইনে : ১৫,৯৬০ টাকা। (২) জয়েন্ট ব্লক ডেভেলপমেন্ট অফিসার। মূল মাইনে : ৯,০০০-৪০,৫০০ টাকা। গ্রেড পে ৪,৭০০ টাকা। শুরুতে মাইনে : ১৪,৯৩০ টাকা। (৩) ডেপুটি অ্যাসিস্ট্যান্ট ডিরেক্টর অফ কনজিউমার অ্যাফেয়ার্স অ্যান্ড ফেয়ার। মূল মাইনে : ৯,০০০-৪০,৫০০ টাকা। গ্রেড পে ৪,৭০০ টাকা। শুরুতে মাইনে : ১৪,৯৩০ টাকা। (৪) ওয়েস্ট বেঙ্গল জুনিয়র সোশ্যাল ওয়েলফেয়ার সার্ভিস। মূল মাইনে : ৯,০০০-৪০,৫০০ টাকা। গ্রেড পে ৪,৭০০ টাকা। শুরুতে মাইনে : ১৪,৯৩০ টাকা। (৫) ওয়েস্ট বেঙ্গল সাব-অর্ডিনেট ল্যান্ড রেভেনিউ সার্ভিস, গ্রেড-।. মূল মাইনে : ৯,০০০-৪০,৫০০ টাকা। গ্রেড পে ৪,৭০০ টাকা। শুরুতে মাইনে : ১৪,৯৩০ টাকা। (৬) অ্যাসিস্ট্যান্ট কমার্শিয়াল ট্যাক্স অফিসার। মূল মাইনে : ৯,০০০-৪০,৫০০ টাকা। গ্রেড পে ৪,৭০০ টাকা। শুরুতে মাইনে : ১৪,৯৩০ টাকা। (৭) জয়েন্ট রেজিস্ট্রার (ওয়েস্ট বেঙ্গল স্টেট কনজিউমার ডিসপিউট রিড্রেশাল কমিশন)। মূল মাইনে : ৯,০০০-৪০,৫০০ টাকা। গ্রেড পে ৪,৭০০ টাকা। শুরুতে মাইনে : ১৪,৯৩০ টাকা। (৮) অ্যাসিস্ট্যান্ট ক্যানাল রেভেনিউ অফিসার (ইরিগেশন)। মূল মাইনে : ৯,০০০-৪০,৫০০ টাকা। গ্রেড পে ৪,৪০০ টাকা। শুরুতে মাইনে : ১৩,৪০০ টাকা। (৯) চিফ কন্ট্রোলার অফ কারেকশনাল সার্ভিস। মূল মাইনে : ৯,০০০-৪০,৫০০ টাকা। গ্রেড পে ৪,৪০০ টাকা। শুরুতে মাইনে : ১৩,৪০০ টাকা।

**'ডি' গ্রুপে নেওয়া হবে এইসব পদে ও মূল মাইনে:**

(১) ইন্সপেক্টর অফ কো-অপারেটিভ সোসাইটি। মূল মাইনে : ৭,১০০-৩৭,৬০০ টাকা। গ্রেড পে ৩,৯০০ টাকা। শুরুতে মাইনে মাসে প্রায় ১২,২৭০ টাকা। (২) পঞ্চায়েত ডেভেলপমেন্ট অফিসার। মূল মাইনে : ৭,১০০-৩৭,৬০০ টাকা। গ্রেড পে ৩,৯০০ টাকা। শুরুতে মাইনে মাসে প্রায় ১২,২৭০ টাকা। (৩) রিহ্যাবিলাইটেশন অফিসার। মূল মাইনে : ৭,১০০-৩৭,৬০০ টাকা। গ্রেড পে ৩,৯০০ টাকা। শুরুতে মাইনে মাসে প্রায় ১২,২৭০ টাকা।

ওপরের সব গ্রুপের বেলায় শূন্যপদের সংখ্যা পরীক্ষার পর জানানো হবে।

•প্রার্থী বাছাই করবে পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশন। ২০১৯ সালের 'ওয়েস্ট বেঙ্গল সিভিল সার্ভিস (এক্সিকিউটিভ)' পরীক্ষার মাধ্যমে। প্রথমে হবে প্রিলিমিনারি পরীক্ষা, ২০ জানুয়ারি। কলকাতা-সহ রাজ্যের অন্যান্য কেন্দ্রে। সফল হলে 'মেন পরীক্ষা' হবে, শুধুমাত্র কলকাতায়। প্রিলিমিনারি পরীক্ষা হবে এইসব কেন্দ্রে (ব্রাকেটে কোড নং দেওয়া হল) : উত্তর কলকাতা (০১), দক্ষিণ কলকাতা (০২), বারুইপুর (০৩), ডায়মন্ডহারবার(০৪), ব্যারাকপুর (০৫), বারাসাত (০৬), হাওড়া (০৭), বর্ধমান (০৮), আসানসোল (০৯), মেদিনীপুর (১০), তমলুক (১১), বাঁকুড়া (১২), বহরমপুর (১৩), মালদা (১৪), জলপাইগুড়ি (১৫), আলিপুরদুয়ার (১৬), কোচবিহার (১৭), শিলিগুড়ি (১৮), কালিম্পং (১৯) ও দার্জিলিং (১৯)। দৃষ্টিহীন প্রার্থীরা স্ক্রাইবের সহায়তা নিতে পারবেন। সব সম্প্রদায়ের প্রার্থীরা নির্দিষ্ট বয়সের মধ্যে যতবার খুশি এই পরীক্ষা দিতে পারেন।

লিখিত প্রিলিমিনারি পরীক্ষায় থাকবে 'জেনারেল স্টাডিজ'এর ২০০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের একটি প্রশ্নপত্র। প্রতিটি প্রশ্নে থাকবে ১ নম্বর ও সময় আড়াই ঘন্টা। নেগেটিভ মার্কিং আছে। এই পরীক্ষায় থাকবে এই ৮টি বিষয় ও প্রতিটি বিষয়ে ২৫টি করে প্রশ্ন : (১) ইংরিজি কম্পোজিশন, (২) জেনারেল সায়েন্স, (৩) জাতীয় ও আন্তর্জাতিক সাম্প্রতিক ঘটনা, (৪) ভারতের ইতিহাস, (৫) পশ্চিম বঙ্গ-সহ ভারতীয় ভূগোল, (৬) ভারতীয় রাষ্ট্রনীতি ও অর্থনীতি, (৭) ভারতের জাতীয় আন্দোলন, (৮) জেনারেল মেন্টাল এবিলিটি।

ইংরিজি কম্পোজিশন অংশে থাকবে গ্রামারের প্রশ্ন। ভারতীয় ভূগোল অংশে পশ্চিমবঙ্গ-সহ ভারতীয় কৃষি ও প্রাকৃতিক সম্পদ -সহ সামাজিক ও অর্থনৈতিক ভূগোল, রাষ্ট্রনীতি ও অর্থনীতি অংশে রাষ্ট্রপদ্ধতি, পঞ্চায়েতীরাজ, কমিউনিটি উন্নয়ন ও ভারতের পরিকল্পনা বিষয়, ভারতের জাতীয় আন্দোলন অংশে অষ্টাদশ শতাব্দীর প্রকৃতি ও বৈশিষ্ট্য আর জেনারেল মেন্টাল এবিলিটি টেস্ট অংশে থাকবে লজিক্যাল রিজনিং ও সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক প্রেক্ষাপটে ভারতীয় ইতিহাস। প্রিলিমিনারি পরীক্ষায় নির্দিষ্ট নম্বর পেলে কোয়ালিফাইং করতে পারবেন। তবে চূড়ান্ত তালিকা তৈরির সময় প্রিলিমিনারি পরীক্ষার নম্বর ধরা হবে না।

'প্রিলিমিনারি' পরীক্ষায় সফল হলে 'মেন' পরীক্ষা হবে আগামী বছর আগস্ট মাস নাগাদ। A, B, C ও D — এই ৪ গ্রুপেই 'মেন'এ ১২০০ নম্বরের পরীক্ষায় থাকবে এই ৬টি আবশ্যিক বিষয় : (১) প্রথম পত্র : বাংলা /হিন্দি /উর্দু /নেপালী

এরপর ১১ পাতায়

## ৩ সেনাবাহিনীতে ৪১৭ অফিসার

১ পাতার পর

অবিবাহিতা তরুণীরা 'অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমি (এস.এস.সি. উইমেন নন-টেকনিক্যাল)'এ আবেদন করতে পারেন। জন্ম-তারিখ হতে হবে ২-১-৯৫ থেকে ১-১-২০০১'এর মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৫৭.৫ সেমি। ট্রেনিং হবে মাদ্রাজের অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমিতে। মোট ৯ মাসের ট্রেনিং হবে 'জেন্টেলম্যান ক্যাডেট'এ। প্রার্থীকে এজন্য দিতে হবে মোট ৪,৬০০ টাকা। এর মধ্যে ২,৪৫০ টাকা পরে ফেরৎ পাবেন। প্রার্থীর অভিভাবকের মাসিক আয় ১,৫০০ টাকার কম হলে সরকার পুরো বা, আংশিক খরচ দেবে। সফল হলে লেফটেন্যান্ট পদে ৬ মাস প্রবেশনে থাকতে হবে। ৫ বছরের জন্য শর্ট সার্ভিস কমিশনে চাকরি করতে হবে। এরপর পার্মানেন্ট কমিশনে চাকরির সুযোগ পেলে ধাপে-ধাপে পদোন্নতি হবে। মূল মাইনে ওপরের মতোই। শূন্যপদ : অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমিতে (মেন) ২২৫টি। ১১১তম কোর্সে ট্রেনিং শুরু ২০১৯ সালের এপ্রিলে। ২৫তম এস.এস.সি. উইমেন কোর্সে ট্রেনিং শুরু ২০২০ সালের এপ্রিলে। শূন্যপদ : ১৫টি।

ন্যাভাল অ্যাকাডেমি : ইঞ্জিনিয়ারিংয়ের গ্র্যাজুয়েটরা আবেদন করার যোগ্য। বয়স হতে হবে ২-১-১৯৯৬ থেকে ১-১-২০০১'এর মধ্যে। শুরুতে ৫ মাসের ট্রেনিং হবে গোয়ার ন্যাভাল অ্যাকাডেমিতে, এক্সিকিউটিভ শাখার ক্যাডেট হিসাবে। ট্রেনিং নেওয়ার জন্য প্রার্থীকে দিতে হবে মোট ৩,৫০০ টাকা। প্রার্থীর অভিভাবকের মাসিক আয় ১,৫০০ টাকার কম হলে সরকার থেকে পুরো বা, আংশিক খরচ দেওয়া হবে। এরপর 'ক্যাডেট' হিসাবে আবার আড়াই বছরের ট্রেনিং। সফল হলে নৌবাহিনীর জাহাজে ৬ মাস চাকরি। সফল হলে সাব-লেফটেন্যান্ট পদে চাকরি। মাইনে ওপরের মতোই। ট্রেনিং শুরু ২০২০ সালের জানুয়ারিতে। শূন্যপদ : ৪৫টি।

এয়ারফোর্স অ্যাকাডেমি : উচ্চমাধ্যমিকে ফিজিক্স ও অঙ্ক অন্যতম বিষয় হিসাবে নিয়ে পাশের পর যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেরা ২-১-১৯৯৬ থেকে ১-১-২০০০'এর মধ্যে জন্ম-তারিখ থাকলে 'এয়ারফোর্স অ্যাকাডেমি'তে ট্রেনিং নেওয়ার জন্য আবেদন করতে পারেন। ইঞ্জিনিয়ারিংয়ের গ্র্যাজুয়েটরাও আবেদনের যোগ্য। কমার্শিয়াল পাইলট লাইসেন্স থাকলে জন্মতারিখ হতে হবে ২-১-১৯৯৪ থেকে ১-১-২০০০'এর মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৬২.৫ সেমি, পায়ের মাপ লম্বায় অন্তত ৯৯-১২০ সেমি, থাই লম্বায় ৬৪-৮১.৫ সেমি ও বসার উচ্চতা ৮১.৫ সেমি থেকে ৯৬ সেমি। শুরুতে ফ্লাইং ব্রাঞ্চের পাইলট হিসাবে ৭৪ সপ্তাহের ট্রেনিং হবে এয়ারফোর্স অ্যাকাডেমিতে। প্রার্থীকে এজন্য দিতে হবে মোট ২,৩৪০ টাকা। এর মধ্যে ৮৪০ টাকা পরে ফেরৎ পাবেন। প্রার্থীর অভিভাবকের মাসিক আয় ৭৫০ টাকার কম হলে এই খরচ সরকার থেকে দেওয়া হবে। মাইনে ওপরের মতোই। এছাড়া ফ্লাইং-ভাতা পাবেন। ট্রেনিং শুরু ২০২০ সালের ফেব্রুয়ারিতে। শূন্যপদ : ৩২টি।

এই ৫ বিভাগের ট্রেনিং নিতে হলে দৃষ্টিশক্তি হতে হবে দূরের বেলায় ৬/৬ ও কাছের বেলায় প্রতি চোখে 'N-S'. ওপরের সব পদের বেলায় এবছরের ডিগ্রি কোর্সের ফাইনাল পরীক্ষার্থীরাও আবেদন করার যোগ্য। ট্রেনিংয়ের সময় মাসে স্টাইপেন্ড পাবেন।

প্রার্থী বাছাই হবে ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশনের 'কম্বাইন্ড ডিফেন্স সার্ভিসেস এক্সামিনেশন (।) - ২০১৯' পরীক্ষার মাধ্যমে। প্রথমে হবে লিখিত পরীক্ষা ৩ ফেব্রুয়ারি। পূর্ব-ভারতে এইসব কেন্দ্রে : কলকাতা, কটক, দিসপুর (গুয়াহাটি), পটনা, শিলঙ, রাঁচী, সম্বলপুর, পোর্ট ব্লেয়ার, গ্যাংটক ও আগরতলা।

ইন্ডিয়ান মিলিটারি অ্যাকাডেমি, ন্যাভাল অ্যাকাডেমি ও এয়ারফোর্স অ্যাকাডেমির লিখিত পরীক্ষায় থাকবে এই তিনটি পেপার : (১) ইংরিজি, (২) জেনারেল নলেজ, (৩) এলিমেন্টারি ম্যাথমেটিক্স। প্রতিটি পেপারে থাকবে ১০০ নম্বর ও সময় ২ ঘন্টা করে। সফল হলে ৩০০ নম্বরের ইন্টারভিউ।

অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমিতে ট্রেনিং নিতে হলে লিখিত পরীক্ষায় থাকবে এই দু'টি পেপার : (১) ইংরিজি, (২) জেনারেল নলেজ। প্রতিটি পেপারে ১০০ নম্বর ও সময় ২ ঘন্টা করে। সফল হলে ২০০ নম্বরের ইন্টারভিউ। সব পেপারেই প্রশ্ন হবে অবজেক্টিভ টাইপের। ইংরিজিতে থাকবে ইংরিজি গ্রামারের প্রশ্ন। এলিমেন্টারি ম্যাথমেটিক্সে পাটিগণিত, বীজগণিত, জ্যামিতি, পরিমিতি ও রাশিবিজ্ঞানের উচ্চমাধ্যমিক মানের প্রশ্ন হবে। নেগেটিভ মার্কিং আছে। প্রতি প্রশ্নের ভুল উত্তরের জন্য ০.৩৩ নম্বর কাটা হবে।

দরখাস্ত করবেন অনলাইনে, ২৬ নভেম্বরের মধ্যে। এই ওয়েবসাইটে : http://www.upsconline.nic.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও ফটো ও সিগনেচার জে.পি.জি. ফর্ম্যাটে স্ক্যান করে নেবেন। অনলাইনে দরখাস্ত করলে পরীক্ষা ফী বাবদ ২০০ টাকা স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার কোনো শাখায় নগদে দিতে পারেন কিংবা এস.বি.আই. নেট ব্যাঙ্কিং মাধ্যমে দিতে পারেন এইসব ব্যাঙ্কে : স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, স্টেট ব্যাঙ্ক অফ হায়দরাবাদ, স্টেট ব্যাঙ্ক অফ পাতিয়ালা, স্টেট ব্যাঙ্ক অফ ত্রাভাঙ্কোর। এছাড়াও ভিসা /মাস্টার কার্ড / ডেবিট কার্ডেও টাকা দিতে পারেন। একাধিক দরখাস্ত করবেন না। মহিলা, প্রতিবন্ধী ও তপশিলী সম্প্রদায়ের প্রার্থীদের ফী লাগবে না। অনলাইনে দরখাস্ত করার পর রেজিস্ট্রেশন আই.ডি-সহ সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নিজের কাছে রেখে দেবেন।

## রাজ্য সরকারে ৩৫ বিচারক

১ পাতার পর

বছরের মধ্যে, অর্থাৎ জন্ম-তারিখ হতে হবে ২-১-১৯৮২ থেকে ১-১-১৯৯৫'এর মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর ও প্রতিবন্ধীরা ১০ বছর বয়সে ছাড় পাবেন। মূল মাইনে : ১৫,৬০০-৪২,০০০ টাকা ও গ্রেড পে ৫,৪০০ টাকা। শূন্যপদ : ৩৫টি (জেনাঃ ১৫, ও.বি.সি.-এ ক্যাটেগরি ৫, ও.বি.সি.-বি ক্যাটেগরি ৫, তঃজাঃ ৬, তঃউঃজাঃ ২, প্রতিবন্ধী ২)। এই পদের বিজ্ঞপ্তি নং : 28/2018.

প্রার্থী বাছাই করবে পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশন। ২০১৮ সালের ওয়েস্ট বেঙ্গল লিগ্যাল সার্ভিস এক্সামিনেশন'এর মাধ্যমে। প্রথমে লিখিত পরীক্ষা হবে ডিসেম্বরের দ্বিতীয় সপ্তাহে, কলকাতা ও দার্জিলিংয়ে। এই পরীক্ষায় ৯০০ নম্বরের ৯টি পেপার থাকবে। প্রথম পেপারে থাকবে এই দু'টি বিষয় : (১) ইংলিশ কম্পোজিশন, প্রবন্ধ লেখা ও প্রেসি লেখা - ৫০ নম্বর, (২) বাংলায় কম্পোজিশন ও প্রবন্ধ লেখা - ৫০ নম্বর। দ্বিতীয় পেপারে থাকবে : (১) জেনারেল নলেজ -৫০ নম্বর, (২) কারেন্ট অ্যাফেয়ার্স - ৫০ নম্বর। তৃতীয় পেপারে থাকবে : (১) কনস্টিটিউশনাল ল অফ ইন্ডিয়া - ৫০ নম্বর, (২) ভারতীয় সংবিধান -৫০ নম্বর। চতুর্থ পেপারে থাকবে : (১) অ্যাডমিনিস্ট্রেটিভ ল - ১০০ নম্বর। পঞ্চম থেকে নবম পেপারের প্রতিটিতে থাকবে ১০০ নম্বর করে আইন সংক্রান্ত বিষয়ের প্রশ্ন। সফল হলে ১০০ নম্বরের পার্সোন্যালিটি টেস্ট।

দরখাস্ত করবেন অনলাইনে, ১৫ নভেম্বর পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.pscwbonline.gov.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার জে.পি.ই.জি. ফর্ম্যাটে ২০ থেকে ৫০ কে.বি.'র মধ্যে স্ক্যান করে নেবেন। ফটো ও সিগনেচার স্ক্যান করবেন ২০০ ডি.পি.আই.'তে।

প্রথমে ওই ওয়েবসাইটে গিয়ে 'One Time Registration' এ ক্লিক করতে হবে। তখন একটি ফর্ম পাবেন। আগে যাঁরা পি.এস.সি.'র কোনো দরখাস্ত অনলাইনে করার জন্য নাম রেজিস্ট্রেশন করেছিলেন, তাঁদের নতুন করে নাম রেজিস্ট্রেশন করতে হবে না। ওই ফর্মের সব কলাম ঠিকভাবে পূরণ করবেন। এবার 'Register Button'এ ক্লিক করলে পরের পেজে যেতে পারবেন। তখন যে তথ্য দিয়ে ফর্ম পূরণ করেছেন, সেগুলি পাবেন ও ডাউনলোড করে নেবেন। সম্পূর্ণ রেজিস্ট্রেশন ফর্ম একবারই ডাউনলোড করতে পারবেন। ফর্ম ডাউনলোড করার সময় 'Back Button'এ ক্লিক করলে ওই রেজিস্ট্রেশন ফর্মটি আবার মডিফাই করতে পারবেন। কিন্তু 'Confirm Button'এ ক্লিক করলে রেজিস্ট্রেশন আই.ডি. ও পাশওয়ার্ড পাবেন। এই আই.ডি. ও পাশওয়ার্ড প্রার্থীর নিজস্ব ই-মেল আই.ডি.'তেও পাবেন।

যাঁরা প্রথম 'One Time Registration' করে আই.ডি. ও পাশওয়ার্ড পেয়েছেন, তাঁরা আই.ডি. ও পাশওয়ার্ড দিয়ে 'Log In'এ গিয়ে ক্লিক করলে ৬টি ট্যাব পাবেন। এবার স্ক্যান করা ফটো ও সিগনেচার আপলোড করে নেবেন। তখন Submit করলে নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। এবার পরীক্ষা ফী বাবদ ২১০ (তপশিলী ও প্রতিবন্ধীদের ফী লাগবে না) টাকা দিতে হবে ডেবিট কার্ড বা, ক্রেডিট কার্ড কিংবা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে, ১৫ নভেম্বরের মধ্যে। এছাড়াও টাকা অফলাইনে দিতে পারবেন ইউনাইটেড ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার চালানে। টাকা জমা দিতে পারবেন ১৬ নভেম্বরের মধ্যে। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নিজের কাছে রেখে দেবেন। আরো বিস্তারিত তথ্য ওপরের ওই ওয়েবসাইটে পাবেন।

রেগুলার, পোস্টাল, মকটেস্ট এবং মক ইন্টারভিউ — এই চারটি ব্যাচ থেকে WBCS 2017-

# গ্রুপ- A এবং B তে চূড়ান্তভাবে সফল হল 52 জন

**1st** in WBRS


Susmita Baral

**2nd** in DSP


Ipsita Dutta

**2nd** in WBRS


Swaha Bose

**3rd** in WBRS


Camellia Singha Roy

**4th** in WBRS


Saranya Barik

| Exam | Gr. A | Gr. B | TOTAL |
|---|---|---|---|
| WBCS-2017 | 47 | 5 | 52 |
| WBCS-2016 | 21 | No Vacancy | 21 |
| WBCS-2015 | 29 | 1 | 30 |

*Total 20 Candidates have been selected to the post of DSP (Gr. B) by PSC




WBCS-2019 প্রিলির জন্য
অ্যাকাডেমিক অ্যাসোসিয়েশন চালু করছে

## MOCK TEST SERIES 2019

মকটেস্ট শুরু ঃ ২৫শে নভেম্বর,২০১৮

ডব্লুবিসিএস প্রিলির মকটেস্টের বই এবছর প্রকাশিত হচ্ছেনা। তাই বিপুল সংখ্যক রাজ্যের দূরবর্তী ও প্রান্তিক এলাকার ছেলেমেয়েদের অনুরোধে- সিলেবাস অনুযায়ী অ্যাকাডেমিকের মকটেস্ট হেডঅফিস কলেজস্ট্রীটে এবং রাজ্যর দূরবর্তী ও প্রান্তিক ৩০টি শহরে দেওয়ার বন্দোবস্ত হয়েছে। তাও আবার ন্যূনতম কোর্স ফি-এর বিনিময়ে। সঙ্গে পাওয়া যাচ্ছে আরোঅনেককিছু।

**মকটেস্ট প্যাকেজে থাকছে**

- ১০ টি পূর্ণ দৈর্ঘ্যের মকটেস্ট
- ৫০ টি ক্লাসটেস্ট (২৫ টি প্রশ্নের)
- কারেন্ট অ্যাফেয়ার্সের কমপ্লিট নোটস
- ১০০০ টি প্রশ্ন সম্বলিত সাজেসটিভ কোয়েশ্চেন ব্যাঙ্ক

যোগাযোগ ঃ 6290794558

## ডব্লুবিসিএস স্ক্যানার এবার বাংলায়

### ডব্লুবিসিএস স্ক্যানার
বাংলায় প্রথম সংস্করণ

**বইটিতে আছে**

- বিগত ২০ বছরের (১৯৯৯-২০১৮) প্রিলি প্রশ্নপত্রের সম্পূর্ণ সমাধান এবং ব্যাখ্যা
- বিগত বছরের প্রশ্নগুলির বিষয় এবং টপিক ভিত্তিক ক্ষেত্র বিশ্লেষণ
- এছাড়াও নিম্নোক্ত টপিকগুলির উপর থাকছে সামিম স্যারের আর্টিকেল
  - ডব্লুবিসিএসের খুঁটিনাটি
  - কি চাইছে প্রিলিম ?
  - প্রিলি পাশের সাফল্যের স্ট্র্যাটেজী
  - নেগেটিভ এড়ানোর উপায়

প্রকাশ ঃ ৭ই ডিসেম্বর, ২০১৮, ফোন ঃ 9038786000

## SUCCESS PACKAGE FOR WBCS - 2019

WBCS - 2019 এর ব্যাচে ভর্তি বন্ধ হয়ে গেছে। প্রিলি -2019 এ সাফল্যের জন্য ন্যূনতম কোর্স ফি এর বিনিময়ে সংগ্রহ করুন— প্রিলির **SUCCESS PACKAGE**

WBCS-2020 জন্য ভর্তি শুরু হবে জানুয়ারি, 2019 থেকে

## WBCS SCANNER
6TH EDITION

প্রকাশ ঃ ৩০শে নভেম্বর, ২০১৮

# Academic Association

53/6 College Street (College Square), Kolkata-700073

Website : www.academicassociation.in Study Center ● Uluberia-9051392240

● Berhampur-9474582569 ● Darjeeling-9832041123 ● Barasat-9073587432 ● Siliguri-9474764635

9038786000
9674478600
9674478644

epaper1234.blogspot.com



# এক নজরে সাম্প্রতিক ঘটনাপ্রবাহ

গত সপ্তাহের পর

২৩ অক্টোবর : পশ্চিমবঙ্গের নতুন ডিরেক্টর অফ সিকিউরিটি হলেন বিনীত গোয়েল।

☐ কলকাতা থেকে সরাসরি মালয়েশিয়া যাওয়ার বিমান পরিষেবা চালু হল। মালয়েশিয়া পর্যটন ও সংস্কৃতি মন্ত্রকের সহযোগিতায় পূর্ব ভারতে প্রথম কলকাতায় 'মালিন্দো এয়ার' এই পরিষেবা দিতে চলেছে। এই বিমান সপ্তাহে ৫ দিন চলবে। মধ্যরাতে বিমান ছাড়লে তা পরদিন সকাল ৬ টা ৩৪ মিনিটে গন্তব্যস্থলে পৌঁছাবে।

'ভারতীয় সংবাদপত্র সোসাইটি'র প্রেসিডেন্ট হলেন জয়ন্ত ম্যামেন ম্যাথু।



☐ জর্ডনভিত্তিক 'রয়্যাল ইসলামিক স্ট্র্যাটেজিক স্টাডিজ সেন্টার'এর এক সমীক্ষায় বিশ্বের প্রভাবশালী মুসলিমদের তালিকায় শীর্ষ স্থান দখল করলেন তুরস্কের প্রেসিডেন্ট রিসেপ তাইয়্যেপ এরদোগান।

☐ ভিয়েতনামে কমিউনিস্ট পার্টির সাধারণ সম্পাদক নুয়েন ফু ট্রংকে প্রেসিডেন্ট হিসাবে মনোনীত করল 'ন্যাশনাল অ্যাসেম্বলি'।



আনুষ্ঠানিকভাবে বিশ্বের দীর্ঘতম সমুদ্রসেতু উদ্বোধন করলেন চিনা প্রেসিডেন্ট শি জিনপিং। ৫৫ কিলোমিটার দীর্ঘ এই সেতুটি চিনা শহর ঝুয়াই থেকে হংকং ও ম্যাকাওকে সংযোগ করবে। সেতুটি তৈরি করতে ২,০০০ কোটি ডলার খরচ হয়েছে।

২৪ অক্টোবর : 'কলকাতা হাই কোর্ট'এর ভারপ্রাপ্ত প্রধান বিচারপতি দেবাশিস কর গুপ্তকে প্রধান বিচারপতি হিসাবে উন্নীত করল কেন্দ্রীয় সরকার।

☐ পূর্ব রেলের 'রেলওয়ে প্রোটেকশন ফোর্স'এর নতুন ইন্সপেক্টর জেনারেল ও প্রিন্সিপাল চিফ সিকিউরিটি কমিশনার হলেন ড. রাজিন্দরকুমার মালিক।

☐ ক্যামেরুনের প্রেসিডেন্ট হলেন পাল বিয়া।

☐ বিশ্বে শান্তি প্রতিষ্ঠায় বিশেষ অবদানের জন্য ২০১৮ সালে দক্ষিণ কোরিয়ার 'সোল শান্তি' পুরস্কার পেতে চলেছেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র দামোদরদাস মোদী।

☐ ২০২০ সালের ১ এপ্রিল থেকে দেশের কোনো অংশেই আর 'ভারত স্টেজ-৪' গাড়ি বিক্রি করা যাবে না বলে জানিয়ে দিল সুপ্রিম কোর্ট।

☐ ভারতের প্রথম বিটকয়েন এটিএম কিয়স্কের প্রতিষ্ঠাতা হরিশ বি ভি নামে ৩৭ বছর বয়সি এক ব্যক্তিকে গ্রেফতার করল পুলিশ। ওই ব্যক্তি বিনা অনুমোদনেই অবৈধভাবে কিয়স্ক চালু করে তা চালাচ্ছিল। কিয়স্কটিতে ক্রিপ্টোকারেন্সি লেনদেনের ব্যবসা চলত।

☐ কর্মক্ষেত্রে মহিলাদের সুরক্ষা দিতে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী রাজনাথ সিংয়ের নেতৃত্বে একটি বিশেষ মন্ত্রিগোষ্ঠী তৈরি করা হল। কমিটিতে রয়েছেন পরিবহণ মন্ত্রী নীতিন গড়করি, প্রতিরক্ষা মন্ত্রী নির্মলা সীতারামন আর নারী ও শিশুকল্যাণ মন্ত্রী মেনকা গান্ধী।

☐ ২৯ অক্টোবর থেকে দেশের প্রথম ইঞ্জিনবিহীন ট্রেনের ট্রায়াল শুরু হতে চলেছে। ট্রেনটির নাম দেওয়া হয়েছে 'ট্রেন ১৮'। ১৬০ কিলোমিটার গতিতে চলবে এই ইঞ্জিনবিহীন ট্রেন। ট্রেনটি এমনভাবে তৈরি করা হয়েছে, যাতে যাত্রীদের কেবিন থেকে চালককে দেখা যায়।

☐ স্বাস্থ্যকর্মী 'আশা'র সমন্বয়কারীদের সাম্মানিক ১,০০০ টাকা বাড়িয়ে দিল নরেন্দ্র দামোদরদাস মোদী সরকার। আগে এই সাম্মানিক ছিল মাসে ৫,০০০ টাকা। এখন থেকে তা হবে ৬,০০০ টাকা।

☐ নয়াদিল্লিতে 'ম্যায় নেহি হাম' পোর্টাল চালু করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র দামোদরদাস মোদী।

☐ ২ অক্টোবর তুরস্কের রাজধানী ইস্তানবুলে সৌদি আরবের কনসুলেটের ভিতরে সৌদি সাংবাদিক জামাল আহমদ খাশোগিকে নৃশংসভাবে হত্যা করা হয়। বিদেশে নিজের দেশের কনসুলেটে গিয়ে কাউকে খুন হতে হচ্ছে, এটা সচরাচর শোনা যায় না। 'ওয়াশিংটন পোস্ট'এর কলমচি ছিলেন তিনি। বিবাহবিচ্ছেদ সংক্রান্ত কাগজপত্র জোগাড় করতে কনসুলেটে গিয়েছিলেন খাশোগি। এরপর আর তাঁর কোনো খোঁজ পাওয়া যায়নি। হত্যাকাণ্ডের প্রায় ৩ সপ্তাহ পর সৌদি সরকার স্বীকার করতে বাধ্য হল যে, খাশোগি কনসুলেটের ভিতরেই খুন হয়েছেন।

☐ ইজরায়েলের সঙ্গে প্রায় ৭৭ কোটি ৭০ লাখ ডলারের সামরিক চুক্তি স্বাক্ষর করল ভারত। এই চুক্তি অনুযায়ী, ভারতীয় নৌবাহিনীর ৭টি যুদ্ধজাহাজকে 'বারাক ৮' দূরপাল্লার ভূমি থেকে আকাশ ক্ষেপণাস্ত্র ও ক্ষেপণাস্ত্র প্রতিরক্ষা প্রযুক্তি সরবরাহ করবে ইজরায়েলের মহাকাশ ইন্ডাস্ট্রি।

☐ শচীন রমেশ তেন্ডুলকরকে টপকে একদিনের ক্রিকেটে দ্রুততম ১০,০০০ রান করার বিশ্বনজির গড়লেন বিরাট কোহলি। শচীন ২৫৯ ইনিংসে ১০,০০০ রান করেছিলেন। বিরাট ২০৫টি ইনিংসে ১০,০০০ রানে পৌঁছে গেলেন।

২৫ অক্টোবর : লন্ডনে নিলামে ১ লাখ ৮৭ হাজার পাউন্ডে বিক্রি হল শিখ সম্রাট রঞ্জিত সিংয়ের স্ত্রী জিন্দর কউরের বহুরত্ন খচিত একটি নেকলেস। সবুজ রঙের পান্না ও মুক্তো খচিত এই নেকলেসটি মহারাজা রঞ্জিত সিংয়ের স্ত্রীদের মধ্যে একমাত্র জিন্দর কউরের কাছে ছিল। রঞ্জিত সিংয়ের মৃত্যুর পর এই মহিলাই একমাত্র সতী হননি বলে জানা যায়।

☐ ২০১৮ সালে 'মিস গ্র্যান্ড ইন্টারন্যাশনাল'এর সম্মান পেলেন প্যারাগুয়ের ক্লারা সোসা।

☐ ২০১৮ সালে 'মিস বধির এশিয়া'র সম্মান পেলেন হরিয়ানার ২৩ বছর বয়সি নিশথা দুদেজা।

☐ 'পেটিএম পেমেন্টস ব্যাঙ্ক'এর ম্যানেজিং ডিরেক্টর ও চিফ এক্সিকিউটিভ অফিসার হলেন সতীশ কুমার গুপ্তা।

☐ মাঝেরহাটে সেতু ভাঙার জেরে দক্ষিণ কলকাতার যানজট কমাতে টালিগঞ্জ ও করুণাময়ী এলাকায় আরও ২টি নতুন সেতু তৈরি করার সিদ্ধান্ত নিল বাংলা সরকার। প্রসঙ্গত উল্লেখ্য, প্রথম সেতুটি তৈরি হবে করুণাময়ীর বর্তমান সেতুর সমান্তরালে ডায়মন্ড সিটির উল্টোদিকে ও দ্বিতীয় সেতুটি তৈরি হবে প্রিন্স আনোয়ার শা রোড দিয়ে ঢুকে এজাজুতুল্লা লেন দিয়ে এসে টালিনালার ওপর দিয়ে ক্যানাল রোডের সংযোগস্থলে।

ইথিওপিয়ার প্রথম মহিলা প্রেসিডেন্ট হলেন সাহলে বর্ক জিউদে।



☐ উচ্চশিক্ষায় গবেষণার সুযোগ আরও বাড়াতে ২টি নতুন প্রকল্প চালু করল কেন্দ্রীয় সরকার। প্রকল্প ২টি হল — 'ইমপ্রেস' (ইমপ্যাক্টফুল পলিসি রিসার্চ ইন সোশ্যাল সায়েন্স) ও 'স্পার্ক' (স্কিম ফর প্রোমোশন অফ আকাদেমিক অ্যান্ড রিসার্চ কোলাবোরেশন)। এই ২টি প্রকল্পের জন্য আগামী ২ বছরে সব মিলিয়ে ৮৩২ কোটি টাকা খরচ করা হবে বলে জানালেন কেন্দ্রীয় মন্ত্রী প্রকাশ জাভড়েকর।

☐ বাংলাদেশের প্রখ্যাত সাংস্কৃতিক সংগঠন 'ছায়ানট'কে 'টেগোর অ্যাওয়ার্ড ফর কালচারাল হারমনি' পুরস্কারে সম্মানিত করতে চলেছে ভারত সরকার।

আন্তর্জাতিক ক্রিকেট থেকে অবসর নিলেন ওয়েস্ট ইন্ডিজ ক্রিকেট দলের প্রাক্তন অধিনায়ক ও অলরাউন্ডার ডোয়েন জন ব্র্যাভো।




☐ ২০১০ সাল থেকে ২০১৭ সালের মধ্যে, অর্থাৎ মাত্র ৭ বছরে মার্কিন যুক্তরাষ্ট্রে বাংলাভাষীদের সংখ্যা বাড়ল ৫৭%। ২০১০ সালে মার্কিন যুক্তরাষ্ট্রে বাংলাভাষী ছিল ২ লাখ ২৩ হাজার। ২০১৭ সালের শেষে সেই সংখ্যা বেড়ে হয়েছে সাড়ে ৩ লাখ।

২৬ অক্টোবর : বাংলার প্রাক্তন বিরোধী দলনেতা ও তৃণমূলের অন্যতম প্রতিষ্ঠাতা সদস্য পঙ্কজ বন্দ্যোপাধ্যায় (৭৩ বছর) মারা গেলেন।

☐ 'খেলনাবাটির দিন শেষ' কাব্যগ্রন্থের জন্য ২০১৮ সালে বাংলায় 'সাহিত্য আকাদেমি যুব পুরস্কার' পেলেন সম্রাজ্ঞী বন্দ্যোপাধ্যায়।

☐ সার্ভিক্যাল স্পন্ডিলাইটিসে আক্রান্ত রোগীদের যন্ত্রণা থেকে মুক্তি দিতে 'স্মার্ট সার্ভিক্যাল কলার' আবিষ্কার করে ২০১৮ সালে 'ডঃ এপিজে আব্দুল কালাম ইগনাইট পুরস্কার' পেতে চলেছেন বাংলার কৃতী ছাত্রী দিগন্তিকা বসু।

☐ আধুনিকতা ও সৌন্দর্যের মেলবন্ধনে নির্মিত বিশ্বমানের অতিথিশালা ও কনভেনশন সেন্টার 'সৌজন্য' তৈরি হল কলকাতার আলিপুরে। উদ্বোধন করলেন রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।

☐ প্রাথমিক ও ব্লক প্রাথমিক স্তরে আউটডোর চালাতে এবার ঘন্টাপিছু ডাক্তার ভাড়া নেওয়ার সিদ্ধান্ত নিল বাংলা সরকার।

☐ ২০১৮ সালে 'কমনওয়েলথ অ্যাসোসিয়েশন ফর পাব্লিক অ্যাডমিনিস্ট্রেশন অ্যান্ড ম্যানেজমেন্ট' (CAPAM) পুরস্কার পেল ভারত।

☐ পাক-ই-স্তানে আর নিষিদ্ধ নয় মুম্বই হামলার মূল চক্রী হাফিজ সঈদের নেতৃত্বের দুই সংগঠন 'জামাত-উদ-দাওয়া' ও 'ফালাহ্-ই-ইনসানিয়ৎ'। প্রসঙ্গত উল্লেখ্য, চলতি বছরের ফেব্রুয়ারিতে প্রাক্তন পাক প্রেসিডেন্ট মামনুন হুসেইন সে দেশের সন্ত্রাসবিরোধী আইন সংশোধন করে একটি অধ্যাদেশ জারি করেন। সেই অধ্যাদেশেই পাক সন্ত্রাসবাদী এই দুই সংগঠনকে নিষিদ্ধ করা হয়।

☐ দিনের আলোকে আরও বেশি কাজে লাগাতে সময় ১ ঘন্টা এগিয়ে আনছে ইতালি। রবিবার ২৮ অক্টোবর স্থানীয় সময় ভোর ৩টের সময় ঘড়ির কাঁটা ১ ঘন্টা এগিয়ে রাত ২টো করা হবে। প্রতি বছর গ্রীষ্মকাল ও শীতকালে সূর্যাস্ত ও সূর্যোদয়ের ওপর নির্ভর করে ১ ঘন্টা সময় পরিবর্তন করে ইতালি। এর আগে সর্বশেষ গত বছর ২৫ মার্চ সময় ১ ঘন্টা পিছানো হয়েছিল। একইভাবে ২৯ অক্টোবর আবার ১ ঘন্টা এগোনো হয়। এবারও সেভাবেই ১ ঘন্টা সময় কমাচ্ছে ইতালি।

☐ বাংলাদেশি নাগরিকদের জন্য 'অন অ্যারাইভাল' ভিসা চালু করার সিদ্ধান্ত নিল চিন সরকার।

☐ ২৬০ কোটি ডলারের বাণিজ্য চুক্তিতে স্বাক্ষর করল চিন ও জাপান। প্রসঙ্গত উল্লেখ্য, বাণিজ্য ঘাটতি ঠেকাতে আমদানির ওপর কড়া শুল্ক চাপিয়েছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। তাতে বাণিজ্যিকভাবে বিপাকে পড়েছে চিন ও জাপান। তাই এই অবস্থায় টিকে থাকতে এই চুক্তি স্বাক্ষর করল ২ দেশ।

☐ চতুর্থ ভারতীয় মহিলা কুস্তিগির হিসাবে 'বিশ্ব কুস্তি চ্যাম্পিয়নশিপ'এ মেয়েদের ৫৭ কেজি বিভাগে ব্রঞ্জ পদক পেলেন ভারতের পূজা ধান্দা।

২৭ অক্টোবর : ২০১৮ সালে রাষ্ট্রসঙ্ঘের তরফ থেকে মরণোত্তর 'মানবাধিকার' পুরস্কার পেলেন পাক-ই-স্তানের মানবাধিকার কর্মী ও আইনজীবী আসমা জাহাঙ্গীর।

☐ দীর্ঘ রোগভোগের পর দিল্লির প্রাক্তন মুখ্যমন্ত্রী ও বিজেপি নেতা মদনলাল খুরানা (৮২ বছর) মারা গেলেন।

☐ 'এনফোর্সমেন্ট ডিরেক্টরেট'এর (ED) অস্থায়ী প্রধান পদে মনোনীত হলেন সঞ্জয়কুমার মিশ্র।

☐ প্রাথমিকে শিক্ষকতার জন্য উচ্চ মাধ্যমিকে ৫০% নম্বর ও ২ বছরের ডি.এল.এড'এর মাপকাঠি বজায় রাখল বাংলা সরকার। কেন্দ্রীয় সরকার কোনো আলোচনা ছাড়াই সম্প্রতি ঘোষণা করে, বি.এড প্রশিক্ষণ থাকলে প্রাথমিকেও শিক্ষকতার জন্য আবেদন করা যাবে। কিন্তু চাপিয়ে দেওয়া এই নির্দেশ মানবে না বলে ঘোষণা করল বাংলা সরকার। মাধ্যমিক বা, উচ্চ মাধ্যমিকের জন্য আগের মতো 'ব্যাচেলর অফ এডুকেশন' (বি.এড) প্রশিক্ষণ থাকতে হবে।

☐ গোয়া-সহ আন্তর্দেশীয় কিছু গন্তব্যে 'রেড আই' উড়ান পরিষেবা চালু করতে চলেছে 'এয়ার ইন্ডিয়া'। ৩০ নভেম্বর থেকে এর সূচনা হবে। দিল্লি-গোয়া-দিল্লি, দিল্লি-কোয়েম্বাটোর-দিল্লি ও বেঙ্গালউরু-আহমেদাবাদ-বেঙ্গালউরু রুটে এই পরিষেবা পাওয়া যাবে।

☐ সব স্থানীয় টেলিভিশন চ্যানেলে ভারতীয় চলচ্চিত্র ও টেলিভিশন শোয়ের সম্প্রচার নিষিদ্ধ করল পাক-ই-স্তানের সুপ্রিম কোর্ট।

☐ দেশের প্রথম 'ইন্ডোর তিরন্দাজি টুর্নামেন্ট - ইন্ডিয়ান ওপন ২০১৮' শুরু হল কলকাতায়। টুর্নামেন্টের মূল উদ্যোক্তা ভাই-বোন দোলা ও রাহুল বন্দ্যোপাধ্যায়ের ক্রীড়া সংস্থা 'দোলা ও রাহুল ব্যানার্জি স্পোর্টস ফাউন্ডেশন'।

☐ 'বেলজিয়াম ওপন টেবল টেনিস'এ অনূর্ধ্ব-২১ বিভাগে মেয়েদের সিঙ্গলসে রুপোর পদক পেলেন বাংলার মেয়ে ঐহিকা মুখার্জি।

☐ ভারতীয় 'বি' দলকে হারিয়ে 'দেওধর ট্রফি'তে চ্যাম্পিয়ন হল ভারতীয় 'সি' দল।

২০১৮ সালে বার্লিনে 'ওয়ার্ল্ড হেলথ সামিট স্টার্টআপ' পুরস্কার পেলেন ২৩ বছর বয়সি ভারতীয় বিজ্ঞানী রুপম শর্মা।



২৮ অক্টোবর : 'প্যানাসনিক ওপন ইন্ডিয়া গলফ'এর খেতাব জিতলেন ভারতের খালিন যোশী। এই প্রথম তিনি কোনো 'এশিয়ান ট্যুর' খেতাব জিতলেন।

☐ ২০১৮ সালের নতুন হকি আইন অনুযায়ী, 'এশিয়ান চ্যাম্পিয়ন্স ট্রফি হকি'তে যুগ্মভাবে জয়ী হল ভারত ও পাক-ই-স্তান।

২৯ অক্টোবর : উর্দু ঔপন্যাসিক ও ছোট গল্প লেখক কাজী আব্দুল সাত্তার

☐ ২০১৮ সালে 'সিরাজ আকাদেমি' পুরস্কার পেলেন সমীর রক্ষিত।

☐ ব্রাজিলের নতুন প্রেসিডেন্ট হতে চলেছেন জায়ের মেসিয়াস বোলসোনারো।

☐ স্বল্প সঞ্চয় প্রকল্প কেনার ক্ষেত্রে আধার কার্ড বাধ্যতামূলক নয় বলে জানালো কেন্দ্রীয় যোগাযোগ মন্ত্রক। একইসঙ্গে পোস্ট অফিসে অ্যাকাউন্ট খুলতে গেলেও আধার কার্ড লাগবে না।

☐ রানওয়ে ছাড়ার ১৩ মিনিট পরেই ইন্দোনেশিয়ায় মাঝ সমুদ্রে 'লায়ন এয়ার'এর 'জেটি ৬১০' বিমান ভেঙে পড়ে যাত্রী ও বিমানকর্মী-সহ ১৮৯ জন মারা গেলেন। স্থানীয় সময় সকাল ৬.৩৩ মিনিট নাগাদ জাভা দ্বীপের জাকার্তা থেকে সুমাত্রার পাংকোল পিনাং শহরের উদ্দেশ্যে উড়ে গিয়েছিল বিমানটি।

☐ জিয়া চ্যারিটেবল ট্রাস্ট দুর্নীতি মামলায় ফের ৭ বছরের কারাদণ্ড ও ১০ লাখ টাকা জরিমানা হল বাংলাদেশের বিরোধী দলনেত্রী খালেদা জিয়ার। প্রসঙ্গত উল্লেখ্য, জিয়া চ্যারিটেবল ট্রাস্টের নামে প্রায় ৩.২৫ কোটি টাকা তছরুপের অভিযোগে ৭ বছর আগে খালেদা জিয়ার বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ দায়ের করা হয়েছিল। এই মামলার রায়ে বলা হয়েছে, ক্ষমতার অপব্যবহার করে খালেদা দাতব্য সংস্থার নামে প্রায় সওয়া ৩ কোটি টাকা আত্মসাৎ করেছেন।

☐ 'ব্যাডমিন্টন এক্সপ্রেস লিগ'এর দূত হলেন ভারতের মহিলা ব্যাডমিন্টন তারকা অশ্বিনী পোনাপ্পা।

☐ 'এশিয়ান চ্যাম্পিয়ন্স ট্রফি হকি' প্রতিযোগিতায় সেরা খেলোয়াড় নির্বাচিত হলেন ভারতের আকাশদীপ সিংহ।

☞ এরপর আগামী সপ্তাহে

সঙ্কলক : পাপ্পবী দেওয়ান

## বিশেষ বিজ্ঞপ্তি

**কর্মসংস্থান** পত্রিকায় প্রকাশিত যে কোনো বিতর্কিত আলোচনা বা, নিবন্ধের যাবতীয় দায়িত্ব লেখকের। কর্মসংস্থান কর্তৃপক্ষ কোনোভাবেই এজন্য দায়ী থাকবে না। ওই মতামত কারো পছন্দসই না হলে, প্রতিবাদ জানাতে পারেন। সেক্ষেত্রে তাও যথাযোগ্য মর্যাদায় ছাপা হবে। কারণ, এটি গণমাধ্যম।

epaper1234.blogspot.com



## ডব্লু.বি.সি.এস পরীক্ষার

৮ পাতার পর

/সাঁওতালি — চিঠি লেখা (১৫০ শব্দের মধ্যে) /২০০ শব্দের মধ্যে রিপোর্ট ড্রাফটিং করা, প্রেসি লেখা, কম্পোজিশন, ইংরিজি থেকে বাংলা /হিন্দি /উর্দু /নেপালী /সাঁওতালি ভাষায় অনুবাদ। (২) দ্বিতীয় পত্র : ইংরিজি - চিঠি লেখা (১৫০ শব্দের মধ্যে) /২০০ শব্দের মধ্যে রিপোর্ট ড্রাফটিং করা, প্রেসি লেখা, কম্পোজিশন, বাংলা /হিন্দি /উর্দু /নেপালী /সাঁওতালি থেকে ইংরিজি ভাষায় অনুবাদ। (৩) তৃতীয় পত্র : জেনারেল স্টাডিজ-।(ন্যাশনাল মুভমেন্ট-সহ ভারতীয় ইতিহাস আর পশ্চিমবঙ্গ স্পেশাল রেফারেন্স-সহ ভারতের ভূগোল)। (৪) চতুর্থ পত্র : জেনারেল স্টাডিজ -।। (সায়েন্স ও সায়েন্টিফিক ও টেকনোলজিক্যাল অ্যাডভান্সমেন্ট, এনভায়রণমেন্ট, জেনারেল নলেজ ও কারেন্ট অ্যাফেয়ার্স)। (৫) পঞ্চম পত্র : ভারতীয় সংবিধান ও ভারতীয় অর্থনীতি (রিজার্ভ ব্যাঙ্কের ভূমিকা ও কার্য)। (৬) ষষ্ঠ পত্র : অ্যারিথমেটিক ও টেস্ট অফ রিজনিং। প্রতিটি বিষয়ে থাকবে ২০০ নম্বর ও প্রতিটি পেপারে সময় থাকবে ৩ ঘন্টা।

আবশ্যিক প্রথম পত্র : বাংলা /হিন্দি /উর্দু /নেপালী /সাঁওতালি আর দ্বিতীয় পত্র : ইংরিজি বিষয়ের প্রশ্ন হবে ডেসক্রিপ্টিভ টাইপের। আর বাকি ৪টি আবশ্যিক বিষয়ের প্রশ্ন হবে অবজেক্টিভ মাল্টিপল চয়েজ (এম.সি.কিউ.) টাইপের।

এরপর হবে ঐচ্ছিক বিষয়ের পরীক্ষা। A ও B গ্রুপের বেলায় ৪০০ নম্বরের ১টি ঐচ্ছিক বিষয়ে ২টি পেপারের পরীক্ষা হবে। প্রতিটি পেপারে থাকবে ২০০ নম্বর।

